ইহা কি বিশ্বাস কর ?

আমরা প্রার্থনা করার আগে, আমি এটি বলতে চাই, গত সন্ধ্যায়, আমি বিশ্বাস করি, আমি একজন মহিলাকে বলেছিলাম, "আপনি যদি আমাদের নির্দেশ অনুসারে কাজ করেন, তাহলে সে...এই মাথায় জলভর্তি শিশুটি, এটি সঙ্কুচিত হবে।" আর শিশুটির মাথা সঙ্কুচিত হয়েছে, গত রাতে, একটি দড়ির মাপে আধ ইঞ্চি। তাই ভদ্রমহিলা তাকে এখন এখানে নিয়ে এসেছেন।

2 এখন, যে কারণে আমি এটা করেছি, বোন, একটি উদ্দেশ্যের জন্য। দেখুন ? আপনি যদি বাস্তবে কিছু ঘটতে দেখতে পান, তাহলে আপনার বিশ্বাস বৃদ্ধি পাবে তা বিশ্বাস করতে। মাঝে মাঝে আমি এটা করি, হয়তো, ব্যক্তিকে উঠতে বলা, এক বা দুই পা এগিয়ে আসতে বলা, আপনাদের হাত নাড়তে বলা, আপনাদের আঙুল নাড়তে বলা, এমন কিছু যা তারা আলাদা করতে পারে, শুধু তাদের দেখাতে যে সবকিছু ঠিক আছে। তারা কেবল স্নায়বিক হয়ে পড়ে আর মনে করে যে এটি ঘটবে না, তবে এটি সর্বদা ঘটছে। দেখুন ? তাকে করতে হবে।

3 এখন কতজন প্রার্থনায় স্মরণ হতে চান ? আপনি কি শুধু হাত তুলে বলবেন, "প্রভু, এটা প্রদান করুন" ? আসুন আমরা মাথা নত করি।

4 প্রভু, যেমন আমরা গির্জার এই মহান গানটি শুনি, আমার মূল্যবান বন্ধু পল রাডার লিখেছেন, "শুধু বিশ্বাস," আমরা এখন একটি ছেলের কথা ভাবছি, যাকে তার পিতা শিষ্যদের কাছে নিয়ে এসেছিলেন, দশ দিনের বেশি হয় নি যখন যীশু তাদের শয়তান তাড়ানোর এবং অসুস্থদের সুস্থ করার ক্ষমতা দিয়েছিলেন, আর এখানে তারা একটি মৃগী রোগের কাছে সম্পূর্ণভাবে পরাজিত হয়েছিল। আর তারা আমাদের প্রভুকে আসতে দেখলেন। আর তার পিতা দৌড়ে এসে বললেন, "প্রভু, আমাদের উপর দয়া করুন। আমার পুত্র শয়তানের দ্বারা বিভিন্নভাবে বিরক্ত। আমি তাকে আপনার শিষ্যদের কাছে নিয়ে এসেছিলাম এবং তারা তাকে সুস্থ করতে পারেনি।"

5 যীশু বললেন, "আমি পারবো, যদি তুমি বিশ্বাস করো। শুধু বিশ্বাস।" হে ঈশ্বর, আপনি তখন থেকে একটুও বদলাননি: আপনি একই রকম প্রেমময়, মধুর এবং করুণাময় ঈশ্বর। আপনি তখন যেমন

ছিলেন, আজও তেমনই আছেন। আর প্রভু, সেই পিতার মতো, আমরা সবাই ক্রন্দন করি, “প্রভু, আমাদের অবিশ্বাসের জন্য আপনি সাহায্য করুন।” এটা খুবই সহজ; আমরা শুধু এটা নিয়ে হোঁচট খাই, পিতা।

6 গত রাতে সেই ছোট্ট শিশুটিকে স্পর্শ করার জন্য আমরা আপনাকে ধন্যবাদ ও প্রশংসা প্রদান করতে চাই, সেই খুলিটা যেটা দেখতে ফুলে গিয়েছিল, অর্থাৎ হাড় স্ফীত হয়ে গিয়েছিল, গত রাতে আধা ইঞ্চি সেটা কমে এসেছে। আমরা এর জন্য কৃতজ্ঞ, পিতা। যখন আমরা জানি যে আমাদের ডাক্তারদের গবেষণায় এই বিষয়ে কিছুই নেই, তারা এর জন্য কিছু করতে পারে না; কিন্তু আপনি এখনও ঈশ্বর, সমস্ত পরিস্থিতির নিয়ন্ত্রণকারী। আমরা আপনাকে ধন্যবাদ জানাই, পিতা। এই মায়ের আনুগত্যের জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই, আর মাধুর্য, আর আনুগত্য এই দড়িটি নিয়ে আসার জন্য এবং এই কাগজের টুকরোতে আটকে দেবার জন্য, এখানে, ঈশ্বরের মহিমার জন্য জনসাধারণের কাছে তার সাক্ষ্য দেখানোর জন্য। ঈশ্বরের গৌরবের জন্য তার ছোট্টটি বালকটি বেঁচে থাকুক একজন সাধারণ শিশু হয়ে।

7 যে সকল হাত উপরে উঠেছে, পিতা। তাদের প্রত্যেকের প্রয়োজন আছে। আমারও, পিতা, আমারও প্রয়োজন আছে। আর এখানে অনেক আছে, চিঠি আকারে অথবা এই বাক্সে, যাদের প্রয়োজন আছে, যাদের সত্যিই প্রয়োজন আছে। হতে দিন, প্রভু, আজ রাতে প্রত্যেকের প্রার্থনা যেন গ্রাহ্য হয়। তারা যেন এই মায়ের সাক্ষ্য গ্রহণ করে এবং একটি উদাহরণ হিসাবে দেখায় যে আপনি যখন কিছু বলেন, সেটাই অন্তিম। এটা...আপনি...আমাদের যা করতে হবে তা হল এটি গ্রহণ করা এবং তার উপর কাজ করা। এটি একটি সমাপ্ত কাজ।

8 প্রভু, এই চিঠিগুলির এবং এই রুমালগুলির প্রত্যেকটিকে প্রদান করুন, যে লোকেদের উপর সেগুলি রাখা হয়েছে, তারা যেন সুস্থ হন। প্রত্যেকে যারা তাদের হাত তুলেছেন, পিতা, তাদের হৃদয়ের ইচ্ছা যেন পূরণ হয়। আমরা এটি প্রার্থনা করি, যীশুর নামে। আমেন। আপনারা বসতে পারেন।

9 আমি আপনাদের এখানে দড়িটি দেখাতে চাই, যে ভদ্রমহিলা (সেখানে আপনি। উম-হুম।)...যে ছোট শিশুর মাথা সঙ্কুচিত হয়েছিল যেমন গত রাতে প্রভু পবিত্র আত্মার মাধ্যমে আমাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন। তিনি কি অসাধারণ নন? সুতরাং, আমাদের বিশ্বাস করার জন্য সাহস প্রদান করেন।

10 এখন, যখন যীশু সেই গাছটিকে বলেছিলেন, মার্ক ১১:২৩ এ, "এখন অবধি কেহ কখনও তোমার ফল ভোজন না করুক," তিনি হয়তো চিৎকার করেননি। কেন, অকপটে, তিনি এই বিষয়ে এত সহজ ছিলেন, যতক্ষন না তার শিষ্যরা...আমি মনে করি তাদের মধ্যে একজন তাকে শুনেছিলেন। আর এটা...যখন সেই মৃগীরোগী, যখন প্রভু যীশুর সামনে আসেন, তখন ছেলেটি তার সবচেয়ে কঠিন অজ্ঞান অবস্থায় ছিল; সম্ভবত, তিনি মৃতের মত মাটিতে শুয়েছিলেন, কিন্তু তিনি বুঝতে পেরেছিলেন যে তিনি এমন একজনের সাথে সাক্ষাত করেছেন যার বিশ্বাস সেই প্রেরিতদের থেকে উচ্চ ছিল।

11 এখন, আমি চাই, এমন একজনকে যিনি ঐশ্বরিক আরোগ্যদানে বিশ্বাস করেন না, এটা দেখতে। যীশু তাদের, আত্মাদের তাড়ানোর ক্ষমতা দিয়েছিলেন আর তারা ব্যর্থ হয়েছিলেন। ক্ষমতা ব্যর্থ হয়নি, কিন্তু তারা ব্যর্থ হয়েছিল। যীশু তাদের বলেছিলেন:

"কেন আমরা সেই আত্মাকে তাড়িয়ে দিতে পারিনি ?"

তিনি বলেছিলেন, "তোমাদের অবিশ্বাসের কারণে।"

12 মন্ডলীর এখনও একটি ক্ষমতা আছে। ঈশ্বর কখনও মন্ডলী থেকে তাঁর ক্ষমতা কেড়ে নেন নি, কিন্তু মন্ডলীর তা নিয়ে কাজ করার জন্য যথেষ্ট বিশ্বাস নেই। সেটাই। এটা ঠিক ততটা সহজ। আমরা কখনও কখনও এটিকে এত জটিল করার চেষ্টা করি, কিন্তু আপনি সুসমাচারকে যত সহজ করবেন, আপনার কাছে তত বেশি বাস্তব হবে, যখন আপনি এর সাথে সত্যিকারের সরল হয়ে যান: ঈশ্বর তাই বলেছেন; যে এটি নিষ্পত্তি করে; আর সেটাই। শুধু এটা বিশ্বাস করুন, এগিয়ে যান।

13 যীশু যখন বললেন, "কেহ কখনও তোমার ফল ভোজন না করুক," কেন, পাতাগুলি আগের মতোই সুন্দর ও উজ্জ্বল ছিল। বাকল দেখতে একই রকম ছিল, কিন্তু মাটির নিচে শিকড়ে, জীবন ক্ষয় হতে শুরু করে।

14 তাই এটি ক্যান্সারের উপর, যে কোন ধরনের রোগের উপর— যা আপনি ভাবতে পারেন। আপনি যখন ঈশ্বরের বাক্য গ্রহণ করতে পারেন, শিকড়ের গভীরে, ক্যান্সার সেখানে থাকতে পারে; আপনার হাত শক্ত হতে পারে। ঐশ্বরিক আরোগ্যদানের সাথে এর কোন সম্পর্ক নেই। এটা, "যদি বিশ্বাস করতে পারেন।" দেখুন ? কোথাও নিচে, এটি ইতিমধ্যে কাজ করতে শুরু করেছে।

15 যীশু বলেছিলেন, "তুমি যদি এই পর্ব্বতকে বল, 'উপড়িয়া যাও,' এবং মনে মনে সন্দেহ না কর, কিন্তু বিশ্বাস করে যে, যাহা বলে তাহা ঘটিবে, তবে তাহার জন্য তাহাই হইবে।" এটা কি মনোরম না? এটা কার কাছ থেকে এসেছে? ঈশ্বরের পুত্র, যার বাক্য...আকাশ ও পৃথিবী বিলীন হয়ে যাবে, কিন্তু এখন...কিন্তু তার বাক্য বিফল হবে না।

16 এখন, আপনি এটি করতে পারেন এমন একমাত্র উপায়, আপনার সঠিক লক্ষ্য এবং সঠিক উদ্দেশ্য থাকতে হবে। এখন, আমি যদি এখান থেকে বের হয়ে বলি, "আমি তোমাকে দেখাব আমি এই পাহাড়টি সরাতে পারি, 'উপড়িয়া যাও, পাহাড়।'" এটা কখনই সরবে না। অবশ্যই না। আমি কি তা কোন ব্যাপার না। এটা হতে হবে...প্রথমে আপনাকে ঈশ্বরের ইচ্ছা খুঁজে বের করতে হবে।

17 যে কারণে, সাধারণত প্রার্থনার লাইনে, আমি—আমি খুব কষ্ট পাই, কারণ এটি এমন কিছু যা লাইনের মধ্য দিয়ে গেছে এবং আরও অনেক কিছু, আর সেখানেই আপনি এটি ফিরে পাবেন। কিন্তু দেখুন, আপনার যদি অস্বীকৃত পাপ থাকে...আপনি কি কখনও লক্ষ্য করেছেন, আমি মন্দ আত্মাকে চলে যেতে বলার আগে? আমি সেই ঘটনাটি বাস্তবে নিশ্চিতভাবে দেখি যেন সেই জীবনে এমন কিছু না থাকে যা কোন কিছুতে বাধা দেবে, দেখুন, কারণ মনে রাখবেন, এই দানগুলিতে, আপনি তাদের সাথে সমস্যায় পড়তে পারেন।

18 ঈশ্বর, আপনাদের মনে আছে একবার, একজন ভবিষ্যদ্বক্তা দিয়েছিলেন...একজন মানুষ থেকে একজন ভবিষ্যদ্বক্তা তৈরি করেছিলেন, মোশি, আর তাকে সেখানে যেতে বললেন, পাথরের সাথে কথা বলতে। আর সেই ভবিষ্যদ্বক্তা উত্তেজিত ছিলেন, এবং বাইরে গিয়ে পাথরে আঘাত করলেন, খ্রীষ্টের দুর্বলতার কথা বলছি, যে তাকে দ্বিতীয়বার মরতে হবে অথবা দ্বিতীয়বার আঘাত পেতে হবে। এটা আনার ক্ষমতা তার ছিল, কিন্তু এটা ঈশ্বরের ইচ্ছা ছিল না।

19 আমি কখনই বিশ্বাস করতে পারিনি যে ইলীশায়ের পাশ দিয়ে যাওয়া ঈশ্বরের ইচ্ছা ছিল, কারণ শিশুরা তাকে টাক পড়া বলে উত্যক্ত করছিল, আমি মনে করি না তার এটা করা উচিত ছিল। কিন্তু তিনি একজন ভাববাদী ছিলেন আর রাগান্বিত হয়েছিলেন এবং সেই শিশুদের উপর অভিশাপ দিয়েছিলেন এবং দুটি ভাল্লুকী বিয়াল্লিশটি ছোট নিষ্পাপ শিশুকে হত্যা করেছিল। দেখুন? কিন্তু আমি বিশ্বাস করি না তার এটা করা উচিত ছিল। আর এটা শুধু—শুধু...আমরা...

20 ঈশ্বর, আমি আজ বিশ্বাস করি, তিনি তাঁর মন্ডলীকে ক্ষমতায় আনার আগে, তিনি তাঁর মন্ডলীকে পরীক্ষা করেন যে সে কী করবে৷

21 আমরা...পরের বার, হয়তো, যদি প্রভু চান যখন আমি ফিরে আসবো, আমরা এইরকম কিছু নিয়ে সবিস্তারে দেখব, এমন কিছু যা ঘটতে চলেছে, আর তখন আমরা এর সম্পর্কে আরও জানব।

22 কিন্তু আপনারা যদি বলেন, বলেন, "প্রভু, আমি বিশ্বাস করি," সন্দেহ করবেন না, আপনার হৃদয় থেকে...

23 এখন, উদাহরণস্বরূপ বলুন, আমি একটি উপত্যকায় ছিলাম, এবং আমি...আমি লক্ষ লক্ষ লোকের কাছে প্রচার করছি, কিন্তু সেখানে পাহাড়ের ওপারে, একশ জনের একটি দল আছে, এবং তারা খ্রীষ্টকে না জেনেই মারা যাচ্ছে। ঠিক আছে, আমি এখানে প্রচার করার জন্য দশ লক্ষ জনকে পেয়েছি, কিন্তু তবুও, আমার হৃদয়ে কিছু আমাকে বলছে, "সেই লোকেদের কাছে যাও। তাদের কাছে যাও। তারা ধ্বংস হয়ে যাচ্ছে।" আমি নিজে যেতে চাই না, কিন্তু তবুও আমার মধ্যে কিছু আছে। দেখুন, সেটা ঈশ্বর তখন চলমান। লক্ষ্য কী তা দেখুন, নিজের জন্য নয়, যাওয়ার উদ্দেশ্য কী তা দেখুন, নিজের জন্য নয়...এখন, যদি আমি বলি, "ঠিক আছে..." যদি আমার উদ্দেশ্য সেখানে পৌঁছনোর জন্য ঠিক হয়, কিন্তু যখন আমি এখানে উঠি এবং এখানে একটি বড় পাহাড়, আমি বলি, "আপনারা জানেন, আমি যদি সেই পাহাড়ের ওপরে যেতে পারি এবং সেই সব শত মানুষকে বাঁচাতে পারি, একদিন সেখানে তাদের একটি মূর্তি থাকবে: ভাই ব্রানহাম, মহান ধর্মপ্রচারক।" এখন, আমার উদ্দেশ্য ঠিক নয়। পাহাড় সরবে না। না, মহাশয়।

24 কিন্তু যখন আমার উদ্দেশ্য ও লক্ষ্য সঠিক হয় এবং আমার অন্তর থেকে ঈশ্বর আমাকে নেতৃত্ব দিচ্ছেন, আর আমি পাহাড়ের উপর দিয়ে, পাহাড়ের পাশ দিয়ে, পাহাড়ের নীচ দিয়ে যেতে পারি না, আমি বলব, "পাহাড়, সরে যাও।" সম্ভবত এটা...যখন আমি তা বলি, আর যখনই আমি সঠিক আত্মার সাথে তা বলি, পবিত্র আত্মার দ্বারা পরিচালিত হয়ে, ঈশ্বরের ইচ্ছায়, সেখানে তা নাও হতে পারে তবে সেই পাহাড়ের সামান্য এক চামচ অংশ সরে যেতে পারে, তবে এটি তার পথে রয়েছে। পরের দিন দুই পাউন্ড সরে যেতে পারে। পরের দিন এক টনের এক চতুর্থাংশ। এবং হয়তো এক মাসে পাঁচ টন কমে যাবে। এটা কি ? এখনো হয়তো দেখা যায়নি, তবে সে তার রাস্তায় চলছে যাচ্ছে। আমি ঠিক সেখানেই থাকব এবং জিনিসটি সম্পন্ন হতে দেখব, কারণ ঈশ্বর তাই বলেছেন এবং সেটা এর নিষ্পত্তি করে।

25 আপনি কি আজ রাতে সেখানে আপনার মায়ের কথা ভাবতে পারেন ? ঠিক আছে, আপনি যদি এটি মনে করেন তবে সে সুস্থ হয়ে উঠবে। ঠিক আছে। এটা যদি আপনি শুধু বিশ্বাস করেন: শুধু বাক্যটি বলুন আর এটি বিশ্বাস করুন। দেখুন ? শুধু বিশ্বাস করুন; এটি বিশ্বাস করুন। এটা অনন্ত জীবন।

26 এখন, কাল বিকেলে...আমি বিলিকে বলেছিলাম, আজ রাতে, শুধু প্রার্থনার কার্ডগুলি বাদ দিতে, আর আমি কথা বলতে চেয়েছিলাম। আমি স্বীকার করছি, সত্যি বলতে, আমি জানুয়ারী থেকে যাচ্ছি, বিদেশে, এবং ফিরে এসে, ফিনিক্সে, ঠিক বাড়িতে এবং পুনরায়, এবং সম্পূর্ণরূপে (সেই বিচক্ষণতা) যতক্ষণ না আমি এত দুর্বল হয়ে পড়ি যে আমি কোথায় দাঁড়িয়ে আছি সেটা জানি না। এটা ঠিক আমাকে বেত্রাঘাত করে।

27 আর তারপর, আমাকে ছেড়ে যেতে হবে, এবং তারা... আপনারা—আপনারা ভাইয়েরা আমাকে আরও কিছু দিন থাকার জন্য আমন্ত্রণ জানিয়েছেন। আমি সেটা প্রশংসা করি। আমি অবশ্যই মনে করি যে এখানে সেবকদের একটি চমৎকার দল রয়েছে। যদি আমরা সহভাগিতা জন্য আরও কিছুটা সময় পেতাম। যদি প্রভু ইচ্ছা করেন, আমি একসময় ফিরে আসব। আর কিছু না, শুধু এক মন্ডলী থেকে অন্য মন্ডলীতে যাব এবং শহরের চারপাশে ঘুরব এবং আপনাদের সকলকে দেখব। আমি এটা করতে পেরে আনন্দিত হব: ঈশ্বরের রাজ্যকে সাহায্য করার জন্য আমি যা কিছু করতে পারি, অর্থাৎ, আপনি যদি চান যে আমি এটি করি। আর কোন কোন সময় ফিরে এসে আমাদের সাথে যোগদান করুন আর একটি সুন্দর, ভাল সভা কোথাও করুন।

28 আর মনে রাখবেন, ভাইয়েরা, আমি আপনাদের জন্য প্রার্থনা করব। এটা একটা বিষয় নিশ্চিত। আর আমি চাই আপনারা সবাই যেন আমার জন্য প্রার্থনা করেন।

29 আর এখন আমি—আমি...আগামীকাল সকালে শহরে এই সমস্ত বিভিন্ন মন্ডলীর সভাতে।

30 এখন, জেফারসনভিলে থেকে কিছু ব্যক্তিরা এখানে এসেছেন। আমার কিছু বন্ধুরা, মন্ডলীর আমার একজন ট্রাস্টি, এখানে আছেন, ভাই ফ্রেড সোথম্যান। আমি কখনই তাকে সভায় দেখতে পাইনি। আর ভাই...ওহ, জেফারসনভিলে থেকে আমার আরও অনেক বন্ধু, আমার প্রাথমিক-...সেখানকার আমার সচিব আর—আর সবাই এখানে আছেন, সভার কোথাও। আমি এখনও তাদের দেখতে পাইনি।

31 আর ভাইয়েরা, এই শহরের এখানে কিছু সুন্দর মন্ডলী আছে। আর বাকি সব দর্শনার্থীরা, তাদের মধ্যে একজন খুঁজুন এবং আগামীকাল এই মন্ডলীগুলিতে যান। তারা আপনাদের সাথে ভালো ব্যবহার করবে, আমি নিশ্চিত। তারা আমাদের ভাই, যারা এই ধরনের সেবাকার্যে বিশ্বাস করেন। সেই জন্য তারা এখানে প্ল্যাটফর্মে এবং এখানে শ্রোতাদের মধ্যে বসে আছেন, কারণ তারা এতে বিশ্বাস করেন। আর আমি সেই পুরুষদের প্রশংসা করি।

32 প্রভু, এখানে এই ফুল গসপেল বিজনেসম্যানদের আশীর্বাদ করুন—যারা এই সভার জন্য অর্থ প্রদান করেছেন। সেখানে...আমি বিশ্বাস করি এটা ঠিক, যে সভার জন্য অর্থ প্রদান করেছেন। আমি—আমি তাদের অনেক অর্থ সহায়তা পেয়েছি, কারণ সেখানে... আমাদের এমন হওয়া উচিত নয়, তবে অনেকবার, ভাইরা সামান্য কিছু পার্থক্য তৈরী করেন: যেমন একজন ব্যক্তি *কোন কিছু* বিশ্বাস করেন; অন্যজন, সামান্য *কিছু*; এটি একটি সামান্য ঘর্ষণ সৃষ্টি করে এবং পুরানো ঘা তৈরী করে; এটা এই সময়ের মধ্যে নিরাময় হওয়া উচিত, কিন্তু এটা—এটা...আর যদি আপনি, অথবা, যদি আমি ফুল গসপেল বিজনেসম্যানদের পাই, তখন এই ধরন এটি আবদ্ধ করতে সাহায্য করে, এবং আমরা একত্রিত হতে পারি, আর আমাদের একসাথে সত্যিকারের সহভাগিতা আছে, সত্যিকারের ভালো সময়। আর আমরা সেটা প্রশংসা করি। ঈশ্বর তাদের আশীর্বাদ করুন। আমি বিশ্বাস করি প্রভু এটি উত্থাপিত করেছেন একটি উদ্দেশ্যের জন্য।

33 এখন...আর তারপর অন্য একদিন ভাই ওরাল রবার্টসের স্থান দেখার সৌভাগ্য আমার হয়েছিল। আর আমার, এমন একটি বিশাল জায়গা, একটি খুব সুন্দর স্থান। এটা—এটা পেন্টিকোস্টের একটি স্মারক।

34 তারপরে আমি ভাই টমি অসবর্নের কাছে গেলাম, আরেকটি চমৎকার স্থান, ঈশ্বরের বিস্ময়কর দাস, কে...ভাই টমি ও আমি খুব নিকটের, এবং ভাই ওরালও, সত্যিকারের ঘনিষ্ঠ ভাই, এবং আমরা একে অপরকে স্নেহ করি, আর ঈশ্বরের রাজ্যের মানুষের মঙ্গলের জন্য আমরা যা করতে পারি তা করার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করছি।

35 তাই আমি অবশ্যই সেই সমস্ত পুরুষদেরকে এই শহরে আসার জন্য সমাদর করি যাদের আপনি পেয়েছেন এই সমস্ত উত্তম পুরুষদের মধ্যে। তোমরা মেষরা অপূর্ব মেষপালকদের পেয়েছে। আমি শুধু, আমি এটা এভাবেই বলব। প্রভু আপনাদের সাথে থাকুন

এটাই আমার প্রার্থনা। আর এখন আগামীকাল বিকেলে, আমি... ভাইয়েরা, কখন সভা শুরু হবে? আড়াইটা। একটা—একটা অথবা দেড়টার সময় আপনাদের এখানে থাকা উচিত যাতে তারা বাকি সভাগুলিতে বাধা না দেয়।

36 এখন, যদি ছেলেরা আপনাকে ইতিমধ্যে না বলে থাকে, আজ রাতে তাদের কাছে কিছু বই আছে, ছবি আর এইরকম, এবং টেপ, এবং রেকর্ড, এবং...সভাগুলোর, আর তারা এগুলো বিক্রি করছে। কিন্তু আমরা তাদের আগামীকাল বিশ্রামবারে বিক্রি করতে দেব না। আগামীকাল কোন বই বা কিছুই বিক্রি হবে না। তাই আমরা করব না...আমরা কখনই এটি অনুমোদন করিনি। যদিও অনেকেই বলেছেন, "আপনি ভয়ানক ভুল করছেন..."

37 আর বৃদ্ধ পিতা বসওয়ার্থ আমাকে বলতেন, "ওহ, ভাই ব্রানহাম, আপনি সেখানে ভুল করছেন," কিন্তু আমি সেটা অনুভব করি (দেখুন?), আর আমি—আমি অনুভব করি। আপনি যদি একটি চান, তারা আপনাকে একটি দিয়ে দিবে, কিন্তু আপনি যদি... কিন্তু আমরা বিক্রি করতে পারছি না—না বিশ্রামবারে। না। এটাই। যদি আমি সেটা বিশ্বাস করি, তাহলে আমাকে সেটা মানতে হবে... আমাকে স্বয়ং মানতে হবে। আপনারা বুঝেছেন? আর আমাকে—আমাকে দৃঢ় বিশ্বাসের সঙ্গে মানতে হবে আর তাই...অথবা আপনি বাড়িতে পাঠাতে পারেন, আর, বাড়ি পর্যন্ত, সেই স্থান পর্যন্ত এবং এটা নিতে পারেন।

38 এখন আজ রাতে, ওহ, আসুন আমরা সবাই ভুলে যাই, ওহ, কোনও কাজ যে করতে হবে, অথবা অন্য কিছু, অথবা দিনের পরিশ্রম। আসুন সব কিছু একপাশে রেখে কয়েক মিনিটের জন্য বাক্য দেখি, আর দেখি ঈশ্বর তাঁর বাক্যের মাধ্যমে আমাদের সাথে কি কথা বলবেন। আর আমি যেন প্রার্থনা করতে পারি যে ঈশ্বর আমাদের আজকের রাতে একটি অত্যন্ত মহান আশীর্বাদ দিবেন।

39 জীন, আপনি কি তাকে আমার কাছে আনতে পারবেন? আপনি কি সেই ছোট্ট মেয়েটিকে আমার কাছে আনতে পারবেন? সে কি খুব সুন্দর একটি ছোট জিনিস নয়? তুমি কি আমার সাথে বাড়িতে যেতে চাও আর আমার ছোট সারার সঙ্গে খেলতে চাও, সে *এতটা* উঁচু? ওহ, তুমি যাবে? আমি—আমিও চাই তুমি সেটা কর। সে তোমার আকারের প্রায়, আর সে বাবার ছোট মেয়ে। উম-হুম। হুম। আর আমি জানি তুমিও—তুমিও তোমার বাবাকে ভালোবাসো, তাই না? মা? ওহ, তুমি নিশ্চই কর। সবচেয়ে সুন্দরী ছোট মেয়ে,

আমি এখানে বসে আছি, তাকে দেখছি। ছোট চোখ দুটি একটি কম্বল মধ্যে দুটি পোড়া গর্তের মত দেখায় আর—আর অল্প বাদামী চুল।

40 আমি ছোট বাচ্চাদের ভালোবাসি। আমার বাড়িতে দুটি ছোট মেয়ে আছে। তাদের একজন রেবেকা এবং অন্যজন সারা।

41 এখানে কিছু সময় আগে, আমি দূরে ছিলাম। তারা উভয়ই বাবার ছোট মেয়ে, আপনারা জানেন আর আমি তাদের ভালবাসি। আর যখনই আমি ফিরে আসি আমি তাদের পিঠে তুলে নিই, আর... শুধুমাত্র বেকি এর জন্য অনেক বড় হয়ে গেছে; সে আমার মত বড় হয়ে গেছে। সে এখন আমার পিঠ ভেঙে দেবে; সে...কিন্তু সে এখনও বাবার ছোট মেয়ে, যাইহোক। আর এখন, প্রায় আরও এক বছর, আমরা তাকে পাবলিক স্কুল থেকে দূরে কোথাও বাইবেল স্কুলে ভর্তি করতে চাই।

42 আর তারপর, তারা বাবার জন্য অপেক্ষা করছিল, আপনারা জানেন, বাড়িতে আসবেন। আমি সভার জন্য বাইরে ছিলাম। আর আগামীকাল তারা মধ্যরাত পর্যন্ত অপেক্ষা করবে আমার আগমনের জন্য। আর তাই, আমি খুব ভোরে, প্রায় তিন অথবা চারটার সময় প্রবেশ করলাম। আর মা দরজার কাছে এসে আমাকে ঢুকতে দিলেন, আর আমি খুব ক্লান্ত এবং পরিশ্রান্ত ছিলাম, আমি...এখানে প্ল্যাটফর্মে, আমি...যখন...অভিষিক্ত এটা ঠিক বোধ হয়, কিন্তু যখন এটি একবার আপনাকে ছেড়ে চলে যায়, তখনই আপনি সমস্যায় পড়েন। কতজন তা জানেন ? কেন, এটা নিশ্চিত।

43 দেখুন। এলিয় পর্বতে উঠে স্বর্গ থেকে আগুন ডেকেছিলেন, স্বর্গ থেকে বৃষ্টি ডেকেছিলেন, এবং তারপর যখন আত্মা তাকে ছেড়ে চলে গেল, তিনি চল্লিশ দিন প্রন্তরে ঘুরেছিলেন এবং ঈশ্বর তাকে খুঁজে বার করলেন, কোথাও একটি গুহায় টেনে নিয়ে গেলেন।

44 যোনা, তিনি নেমে গেলেন এবং তিন দিন ও রাত একটা তিমির পেটে বাস করলেন, তীরে উদগীরণ করা হয়েছিল আর প্রচারে গিয়েছিলেন। পুরো শহর অনুতপ্ত হয়ে ঈশ্বরের কাছে আসেন। আর অভিষেক যখন তাকে ছেড়ে চলে গেল, তখন তিনি পাহাড়ের চূড়ায় উঠে গেলেন এবং ঈশ্বরকে তার প্রাণ নিতে বললেন। দেখুন ?

45 আমি উইলিয়াম কাউপারের কবরের পাশে দাঁড়িয়েছি, বেশীদিন আগে নয়, যে সেই বিখ্যাত স্তোত্রটি লিখেছিল যা আমরা আমাদের সহভাগিতা সভায় ব্যবহার করি:

রক্তে ভরা ঝরনা আছে,
ইম্মানূয়েলের শিরা থেকে বয়ে আসা,
যেখানে পাপীরা বন্যার নীচে ডুবেছিল,

46 আপনি কি কখনও শুনেছেন তিনি কি...তার কি হয়েছিল? সেখান থেকে অনুপ্রেরণা চলে যাওয়ার পর সে আত্মহত্যার জন্য নদী খুঁজে বের করার চেষ্টা করেছিলেন।

47 আমি পুরাতন কেন্টাকি ঘরের ঠিক অপর পারে বসবাস করি। আর স্টিফেন ফস্টার আমেরিকাকে তার সবচেয়ে বিখ্যাত লোকগান দিয়েছেন। আর যখন তিনি লিখবেন, অনুপ্রেরণা পান, সেই অনুপ্রেরণা, একটি গান লেখার জন্য, তারপর যখন তিনি এটার থেকে বেরিয়ে আসেন, তখন তিনি মাতাল হয়ে যান। অবশেষে, চাকরকে ডেকে ক্ষুর নিয়ে আত্মহত্যা করেন।

48 লোকেরা জানে না যে সেই আধ্যাত্মিক রাজ্যে বসবাসকারী লোকেরা কীসের মধ্য দিয়ে যায়। এখন *এখানে*, আপনার মনে হচ্ছে আপনি একটি পাহাড় সরাতে পারেন। কিন্তু অভিষেক আপনার কাছ থেকে যেতে দিন, আর সেই দরজা দিয়ে যেতে শুরু করুন (যদি কেউ আপনাকে ধরার জন্য না থাকে, দেখুন) আর তারপর, সম্ভবত কয়েক ঘন্টার জন্য, খুব কষ্টে, আপনি কোথায় আছেন আশ্চর্য হবেন। আর তারপর রাতের পর রাত, এটি আপনার সেরাটি নেয়।

49 আর সামান্য...ছোট্ট সারা এবং রেবেকার সম্পর্কে আপনাদের বলতে চাই। তাই পরের দিন সকালে, আমি ঘুমাতে পারিনি, আর আমি উঠে বসলাম, একটি চেয়ারে বসলাম, এবং কিছুক্ষণ পর বেকি, সবার থেকে বড়, তার—তার সারার থেকে লম্বা পা ছিল, আর তাই বেকি দৌড়ে আসে...ঘুম থেকে উঠে, বিছানা থেকে লাফিয়ে, তার ছোট বোনকে না জাগিয়ে, আর এখানে সে বাড়ির মধ্য দিয়ে আসে, যতটা সম্ভব জোরে দৌড়ে। সে বলছিল, "বাবা, বাবা..." আমি আমার একটি পা বাড়িয়ে দিলাম, এবং সে সেখানে ঝাঁপিয়ে পড়ল, বেশ ভারসাম্যপূর্ণ। অনেকটা—অনেকটা আধুনিক গির্জার মত, আপনারা জানেন, এটি একটি দীর্ঘ সময়ের জন্য খেলার মধ্যে রয়েছে, আপনারা জানেন, কয়েকশ বছর ধরে। সে সঠিকভাবে নিজের ভারসাম্য রাখতে পারত, আর সে আমার চারপাশে তার বাহু রেখে বলল, "ওহ, আমার বাবা, আমার বাবা..."

50 আর ছোট সারা, হট্টগোলের মধ্যে, জেগে উঠেছিল। ঠিক আছে, আমি জানি না আপনার সন্তানরা তা করে কি না; আমার সন্তানরা করে: ছোটজন তাকে দেওয়া বড়জনের কাপড় নিয়ে

আসে। আর তাই সারা বেকির পায়জামা পরিধান করেছিল, পায়জামার পা অনেক বেশি লম্বা ছিল, আপনারা জানেন। আর এখানে সে আসে, ছোট্ট শিশু, পড়ে যাওয়ার মতো করে, হোঁচট খেয়ে। আর সে সেখানে পৌঁছায়, একটু দেরিতে। তাই বেকি মুখ ঘুরিয়ে বলল, "সারা, আমার বোন, আমি তোমাকে কিছু বলতে চাই।" সে বলেছিল, "আমি এখানে প্রথমে এসেছি। আর আমার একাধিকার আছে। তাই আমি সম্পূর্ণ বাবাকে পেয়েছি আর তোমার জন্য় কিছুই অবশিষ্ট নেই।"

51 এভাবেই কিছু মানুষ ধর্ম নিয়ে ভাবার চেষ্টা করে, তাই না ? উহ-হুহ। সেটা ঠিক।

52 আর দরিদ্র ছোট সারা, সে তার ছোট্ট ঠোঁট বাঁকিয়ে দিল, আর তার ছোট কালো চোখ আমার দিকে তাকালো, আর সে কাঁদতে শুরু করল। আর বেকি আমার গালে তার গাল লাগিয়ে ছিল, আমাকে আলিঙ্গন করে। আমি তাকে ভালোবাসি। আর সারা চলে যেতে শুরু করে কারণ বেকি বাবাকে সম্পূর্ণ নিয়ে নিয়েছিল। আমি *এইভাবে* অন্য হাঁটু বাড়িয়ে দিই আর তার দিকে *এইভাবে* এগিয়ে দিই। ওহ, সে দ্রুত উঠে দাঁড়ালো এবং দৌড়ে আমার হাঁটুতে লাফিয়ে উঠলো...সে খুব বেশিক্ষণ আশেপাশে ছিল না আর তার পা মেঝেতেও পৌঁছায়নি। সে এক ধরনের টলমলে ছিল (সম্ভবত, আমার মতো, অল্প টলমলে, আপনারা জানেন), আর সে করেনি...মেঝেতে পৌঁছতে পারেনি। সে একটি বড় সম্প্রদায় ছিল না, আপনারা জানেন, আর তাই সে শক্ত মেঝেতে নামতে পারেনি। সে যথেষ্ট কাছাকাছি ছিল না।

53 আর তাই, সে একরকম ছটফট করছিল, আর আমি তার চারপাশে দুটি হাত *এভাবে* নিক্ষেপ করে তাকে আমার কাছে জড়িয়ে ধরলাম, আর সে সেই ছোট কালো চোখগুলোকে চকচক করে, রেবেকার দিকে ফিরে তাকাল। সে বলেছিল, "রেবেকা, আমার বোন," সে—সে বলেছিল, "এটা ঠিক যে তুমি বাবার সব পেয়েছ, কিন্তু আমি চাই তুমি একটা বিষয় জানো: বাবা আমার সব কিছু পেয়েছেন।" তাই...

54 সেটা...ঠিক সেইরকম তিনি আমাকে পেয়েছেন। আমার কাছে হয়তো বড় কিছু করার শিক্ষা নেই, কিন্তু যতক্ষণ না আমি জানি তিনি আমার সবকিছু পেয়েছেন, আমার অস্থিরতায়, তাকে শুধু তার দুই হাত দিয়ে জড়িয়ে ধরতে দিন, এটা আমাকে ভালো বোধ করাবে।

55 ঠিক আছে, আসুন আমরা বাক্য পড়ার আগে তাঁর কাছে ছোট প্রার্থনা করি।

56 এখন, স্বর্গীয় পিতা, আমরা বুঝতে পারি যে আমরাও শিশুদের মতো। আর—আর আপনি আমাদের সাথে থাকতে ভালবাসেন, এবং আমাদের সাথে আরাধনা করতে। আর যখন আমরা আপনার উপাসনা করি, এবং আপনি আমাদের ভালবাসেন, আর আপনার বাহুতে আমাদের ধরে রাখেন এবং আপনার পবিত্র আত্মা প্রেরণ করেন, আর আমাদের জ্ঞাত করেন যে আপনি জীবিত আছেন এবং আপনি আমাদের পিতা, আমরা আপনাকে অনেক ধন্যবাদ জানাই। এখন, যেন পবিত্র আত্মা আজ রাতে আমাদের কাছে আসেন। প্রতিটি হৃদয়কে ভালবাসুন, প্রভু। আমাদের নতুন আশীর্বাদ করুন। আমাদের উপর করুণার শিশির বিন্দু ঢেলে দিন, পিতা। আমাদের পাপের দিকে তাকাবেন না। সেগুলি অনেক বেশি। প্রভু, তাদের ক্ষমা করুন। তাদের বাদ দিন, পিতা, আর আমাদের আপনার বাহুতে নিন, এবং—এবং আমাদের অসুস্থতা নিরাময় করুন, আর—আর আমাদের আত্মাকে শুদ্ধ করুন, আর আমাদের আত্মাকে মুক্ত করুন, প্রভু, যেন আমরা আপনার আরাধনা এবং প্রশংসা করতে পারি, বাড়ির চারপাশে ছোট বাচ্চাদের দৌড়ে বেড়ানোর মত, শুধু জানি পিতা আমাদের দেখছেন। এটা প্রদান করুন, প্রভু।

57 এখন, কোন মানুষ পারে না—না বাক্যের ব্যাখ্যা করতে। আমরা তা উপলব্ধি করি। যোহন সিংহাসনে অধিষ্ঠিত তাঁর ডান হাতে বইটি দেখেছিলেন, আর স্বর্গে কোন মানুষ ছিল না, অথবা পৃথিবীতে, অথবা পৃথিবীর নীচে যিনি বইটি খোলার জন্য অথবা সীলমোহরগুলি মুক্ত করার জন্য যোগ্য ছিলেন। আর সেখানে একটি মেষশাবক উঠে আসে, যাকে পৃথিবীর ভিত্তিতে বধ করা হয়েছিল। আর তিনি যোগ্য ছিলেন। আর তিনি পুস্তকটি নিয়েছিলেন, এবং সীলমোহরগুলি মুক্ত করলেন এবং পুস্তকটি খুললেন। হে মেষশাবক, আজ রাতে আসুন। আমাদের জন্য পুস্তকটি খুলুন, পিতা, আমরা আপনার জন্য অপেক্ষা করছি, কারণ আমরা এটি যীশুর নামে প্রর্থনা করি, ঈশ্বরের মেষশাবক। আমেন।

58 আমি বেছে নিয়েছি, আজ রাতে, এখানে তিনটি শব্দের একটি ছোট শাস্ত্রের পদ। তবে প্রথমে আমি যোহন লিখিত সুসমাচার থেকে একটি অথবা দুটি পদ পড়তে চাই, ১১ অধ্যায়ের ২৩ তম পদ দিয়ে শুরু করে।

যীশু তাঁহাকে কহিলেন, *তোমার ভাই আবার উঠিবে।*

মার্থা তাঁহাকে কহিলেন, *আমি জানি...শেষ দিনে পুনরুত্থানে সে উঠিবে।*

যীশু তাঁহাকে কহিলেন, আমিই পুনরুত্থান ও...জীবন: যে আমাতে বিশ্বাস করে, সে মরিলেও জীবিত থাকিবে:

আর যে কেহ্ জীবিত আছে, এবং আমাতে বিশ্বাস করে, সে কখনও মরিবে না। ইহা কি বিশ্বাস কর ?

তিনি কহিলেন, হাঁ, প্রভু: আমি বিশ্বাস করিয়াছি যে, জগতে যাঁহার আগমন হইবে, আপনি সেই খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র।

59 আর একটি পাঠ্যের জন্য আমি এই তিনটি শব্দ ব্যবহার করতে চাই: *ইহা কি বিশ্বাস কর ?*

60 কিছুদিন আগে একটা গল্প পড়েছিলাম। আমি মনে করি এটি একটি কাল্পনিক গল্প ছিল। আর বেশিরভাগ সেবকরা, আমার ধারণা, ডঃ ইনগ্রাহামের সেই—সেই বইটি পড়েছেন *দ্য প্রিন্স অফ দ্য হাউস অফ ডেভিড*। এটি একটি দুর্দান্ত বই। এটা, আমি মনে করি, এটা একেবারে ছাপার বাইরে। আমি এটি মুদ্রণ করতে চাই, যাতে আমি এটি লোকেদের মাঝে রাখতে পারি।

61 আর সেখানে, আমি লাসারের উপর একটি ছোট নিবন্ধ পড়ছিলাম, এবং যীশু, আর মরিয়ম ও মার্থা, লাসারের বোন। আর আমি সেখানে পড়ছিলাম যে যীশু কোথায় থাকতেন, আমি বিশ্বাস করি, মরিয়ম ও মার্থার সাথে। তারা উভয় সুন্দর ইহুদি মহিলা ছিলেন। আর লাসার মন্দিরে একজন লেখক হতে শিখছিলেন বা প্রশিক্ষণ নিচ্ছিলেন, যাজকদের জন্য আইনের চিঠি তৈরি করছিলেন।

62 আর যীশুর মহান সহভাগিতা পেয়েছিলেন, বিশেষ করে লাসারের সাথে। যখন আমরা বইটিতে পড়ি যে তিনি যখন তাদের বাড়িতে আসেন, আর মার্থা তার কথাগুলো শোনার ব্যাপারে একটু ধীর ছিলেন, কিন্তু তাকে রাতের খাবার প্রস্তুত করতে হয়েছিল এবং টেবিল সাজাতে হয়েছিল, কিন্তু মরিয়ম তার পায়ের কাছে বসেছিলেন। আর যীশু বলেছিলেন যে মরিয়ম ভাল বিষয় বেছে নিয়েছেন।

63 আর তারপরে, আমাদের বলা হয়েছিল যে লাসার সেই ব্যক্তি যিনি যীশুকে যোহনের কাছে নিয়ে এসেছিলেন, ডঃ ইনগ্রাহামের বইয়ের গল্পে, এবং...*দ্য প্রিন্স অফ দ্য হাউস অফ ডেভিড* এর উপর। যাইহোক, এটি সত্য নাও হতে পারে, আমি জানি না, তবে এটির পটভূমির জন্য, কিন্তু তিনি তাদের সঙ্গে বসবাস করছিলেন।

64 এখন, আমরা শিখতে যাচ্ছি এই আগামী, এই গত সপ্তাহে, বরং, যীশু যোহন লিখিত সুসমাচারের ৫:১৯ এ বলেছেন, "আমি...পুত্র আপনা হইতে কিছুই করিতে পারেন না, কেবল পিতাকে যাহা করিতে দেখেন, তাহাই করেন। কেননা তিনি যাহা যাহা করেন, পুত্রও সেই সকল তদ্রূপ করেন।" দেখুন ? "কেবল পিতাকে যাহা করিতে দেখেন।"

65 সুতরাং এটিকে সত্যই সঠিক কাহিনী বানাতে, পিতা, ঈশ্বর, অবশ্যই তাঁর পুত্র, যীশুর সাথে কথা বলেছেন, আর বলেছেন, "আপনার বন্ধু, লাসার, মারা যাচ্ছে, কিন্তু এটি ভালোর জন্য হতে চলেছে, তাই আপনি বাড়ি ছেড়ে চলে যান। চলে যান, কারণ আপনার কাছে তার জন্য প্রার্থনা করতে বলা হবে, অথবা, তাকে সুস্থ করুন, আর—আর আমি চাই না তুমি এটা কর।" আপনি যদি কাহিনীটি দেখেন যখন আমরা চলতে থাকি, আপনি দেখতে পাবেন যে এটি সেই সত্যের সাথে মিলে গেছে। সুতরাং, যীশু, কোন সতর্কতা বা কিছু ছাড়াই, বাড়ি থেকে অন্য কোথাও চলে যান, সে রাতে আর ফিরে আসেনি। আর তিনি অন্য কোন শহরে চলে যান। আর যীশু বাড়ি থেকে বের হওয়ার সাথে সাথেই কষ্ট শুরু হয়ে যায়।

66 আর যীশু যখন আপনার বাড়ি ছেড়ে চলে যান, তখন সমস্যা তার পথে চলে আসে। শুধু মনে রাখবেন, তিনি যখন আপনার বাড়ি ছেড়ে চলে যান, তখন সমস্যা পথে চলে আসে। আপনি যখন সামাজিক সমিতিগুলিকে এবং অন্যান্য বিষয়গুলিকে আপনার গির্জার নিখুঁতভাবে কাজ করতে দেন, যেমন কিছু বড় বড় ষোল সিলিন্ডার রিকেনব্যাকারের মতো, আর আপনি যীশুকে সেখান থেকে বের করে দেন, যীশু যখন আপনার গির্জা থেকে চলে যান, সমস্যা রাস্তায় নেমে পরে। হ্যাঁ, মহাশয়, যীশু যখন একটি সম্প্রদায় ত্যাগ করেন, তখন তারা তাকে একপাশে রেখে বলে, "ঠিক আছে, এখন আমরা বিশ্বাস করি না যে এই বিষয়গুলি সঠিক হতে পারে," আর আপনি অন্য কিছু গ্রহণ করেন, সমস্যা পথে নেমে পড়ে। শুধু সেটা মনে রাখবেন।

67 আমাকে প্রভু যীশুর একটি গল্পের কথা মনে করিয়ে দেয়, যা লুক লিখিত সুসমাচারে পাওয়া যায়। আপনারা জানেন যখন তিনি প্রায় বারো বছরের একজন বালক ছিলেন, তাঁর লোকেরা তাঁকে নিয়ে গিয়েছিল, যেমন প্রথা ছিল প্রতি বছর, নিস্তারপর্ব্বে। আর যখন তারা যিরূশালেম নগরে উৎসবে ছিলেন এবং ভাল সময় কাটাচ্ছিলেন, আমরা বাইবেলে দেখতে পাই, তারা তাঁকে ছাড়া তিন দিন চলে যান। আর তারা ভেবেছিলেন হয়তো, শুধু এটা

ভেবেছিলেন যে, যীশু অবশ্যই তাদের কোন আত্মীয়দের মধ্যে আছেন। এখন, আমরা তা করতে পারি না। যখন তারা তাদের আত্মীয়স্বজনের মধ্যে খোঁজ করতে আসেন, তখন তিনি সেখানে ছিলেন না।

68 আর আমরা এটিকে সত্য বলে মানতে পারি না, কারণ আমরা মেথডিস্ট, ব্যাপটিস্ট, প্রেসবিটারিয়ান, পেন্টিকোস্টাল, এবং আমাদের পটভূমি এবং আমাদের পূর্বপুরুষরা মহান বিশ্বাসী ছিলেন, আমরা এটি সত্য বলে গ্রহণ করি, ভাল, যীশু আমাদের সাথে আছেন। আমরা তা করতে পারি না। আমাদের প্রতিদিন এবং প্রতি মিনিটে তাঁর সাথে যোগাযোগ করতে হবে। ওহ, আমি সেটা ভালোবাসি।

69 আমি, ঈশ্বর এখন যা, তা চাই। আমার পিতামাতার যা ছিল, আমার পূর্বপুরুষদের যা ছিল, তা চমৎকার, কিন্তু (তাদের যা ছিল তা ভাল।) আমি মনে করি আমরা আরও বেশি পথ এগিয়ে গেছি।

70 দেখা যাক তিনি আজ কি। আমি ফিরে তাকাতে চাই না এবং দেখতে চাই না মহাশয় মুডি কী করেছিলেন, কারণ আমরা মহাশয় মুডির চেয়ে অনেক বেশি পথ এগিয়ে এসেছি। আমাদের মন্ডলীর সমস্যা: আমরা পিছনে তাকাই আর বলি, "ঠিক আছে, দেখা যাক মহাশয় জন ওয়েসলি কি বলেছিলেন, অন্য কেউ কি বলেছিলেন।" এই কারণেই বিজ্ঞান তাদের ক্ষেত্রে ধর্মের চেয়ে অনেক দূরে।

71 এখানে তিনশ বছর আগে একজন ফরাসি বিজ্ঞানী প্রমাণ করেছিলেন আপনি যদি ঘণ্টায় পঁয়ত্রিশ মাইল বেগে যান, মহাকর্ষ আপনাকে পৃথিবী থেকে দূরে সরিয়ে নিবে। আপনি কি মনে করেন যে বিজ্ঞান আজকে সেটা উল্লেখ করবে ? তারা ঘন্টায় উনিশশো মাইল বেগে ছুটছে এবং আরো এগিয়ে চলছে। তারা এগিয়ে যাচ্ছে, সামনের দিকে তাকিয়ে আছে। কিন্তু আমরা ফিরে তাকাতে চাই এবং দেখতে চাই মুডি কী বলেছিলেন; সানকি বলেছিলেন; ফিনি বলেছিলেন; নক্স, ক্যালভিন; তাদের অনেকে। তারা যা বলেছিল সব ঠিক ছিল। এটি তাদের সময়ের জন্য ছিল, কিন্তু আমরা এগিয়ে এসেছি।

72 আমার পিতামহ গরুর গাড়িতে চড়তেন। আমি একটি ফোর্ড ভি৮ চালাচ্ছি। আমার ছেলে জেট প্লেন উড়াবে। অর্থাৎ, আমরা এগিয়ে যাচ্ছি। এটাই ধর্ম হওয়া উচিত। প্রভুর আগমন সামনে। মন্ডলীকে তার ক্ষমতার মধ্যে প্রবেশ করা উচিত। বিজ্ঞান কেবল এতদূর আরোহণ করতে পারে এবং তারপরে এটিকে বাদ দিতে

হবে, তবে আমরা অফুরন্ত উৎস পেয়েছি, যে শক্তি, সীমাহীন, ঈশ্বরের, সেখানে আমাদের যেতে হবে তা কখনও স্পর্শ করা হয়নি। আমরা আজ রাতে আমাদের বিশেষাধিকারের অধীনে এক মিলিয়ন মাইল নীচে বাস করছি, খ্রিস্টানদের সুবিধা উপভোগ করার থেকে। আমি যখন এখান থেকে প্রতিষ্ঠানগুলিকে দেখি তখন আমি নিজেই লজ্জিত হই, আর অসুস্থতা, এবং সমস্যাগুলি যা এখন বর্তমান। আমাদের মন্ডলীর রাস্তায় হাঁটা উচিত, অসুস্থদের নিরাময় করা, মৃতদের জীবিত করা, শয়তানদের তাড়ানো, চিহ্ন এবং আশ্চর্য কাজ করা, সমগ্র বিশ্বকে উপলব্ধি করানো যে যীশু খ্রীষ্ট বেঁচে আছেন। এটাই আমাদের করতে হবে।

73 কেন, আপনারা বলছেন, "মহাশয় মুডি কখনই না..." মহাশয় মুডি আজ জীবিত নেই। সেটা ঠিক। আমরা প্রভুর আগমনে বাস করছি। আর আমরা এটি সত্য বলে গ্রহণ করেছি যে তিনি আমাদের পূর্বপুরুষদের সাথে ছিলেন। কিন্তু একদিন যখন একজন প্রতিবাদকারী মহাশয় গ্রাহামকে চ্যালেঞ্জ করেছিলেন, আমরা জানতে পেরেছিলাম যে সে আমাদের আত্মীয়দের মধ্যে ছিলেন না।

74 তারা তাকে কোথায় খুঁজে পায়? কোথায়—তারা যীশুকে কোথায় খুঁজে পেয়েছিল? ঠিক যেখানে তারা তাকে ছেড়ে যায়। কোথায় তারা তাকে ছেড়ে গেছে? পেন্টিকোস্টের পর্ব থেকে। আমরা যীশুকে কোথায় ছেড়ে এসেছি, মন্ডলী কোথায়? পেন্টিকোস্টের পর্বে। যখন আমরা সেই পুরানো সময়ের পেন্টিকোস্টের শক্তি এবং পেন্টিকোস্টের পর্ব থেকে দূরে চলে যাই, আমরা যীশুর কাছ থেকে দূরে চলে যাই। এটা একদম ঠিক, বন্ধু। আমরা আমাদের সুবিধার অধীনে বসবাস করছি। হ্যাঁ, মহাশয়।

75 পেন্টিকোস্টের পর্বে তারা তাঁকে ছেড়ে চলে গিয়েছিল, আর সেখানেই একমাত্র জায়গা যা মেথডিস্ট, ব্যাপটিস্ট, প্রেসবিটেরিয়ান, আর পেন্টিকোস্টালরা তাকে খুঁজে পাবে, সেখানে যান যেখানে আপনি তাকে ছেড়ে চলে এসেছেন। প্রভুর আনন্দ কোথায়? প্রভুর শক্তি কোথায়? গির্জা আজ জিজ্ঞাসা করে, "কি হয়েছে—ইতিহাসের ঈশ্বরের কি হয়েছে?" তিনি তার লোকেদের দৃশ্যে তাকে ডাকার জন্য অপেক্ষা করছেন। কিন্তু...

76 আমরা ধর্মসম্প্রদায়ের মাধ্যমে এটা করতে পারি না। আমরা মনোবিজ্ঞানের অধীনে এটি করতে পারি না। আমরা পাটিগণিতের অধীনে এটি করতে পারি না, অথবা আমরা শিক্ষা দিয়ে এটি করতে পারি না। আমরা নিজেদেরকে আলাদা করি, নিজেদেরকে বিভক্ত করি। আমরা বিভক্ত নই। আমরা খ্রীষ্ট যীশুতে প্রকৃতপক্ষে এক

ব্যক্তি। আমরা সকলেই খ্রীষ্টে এক, আর আমাদের ধর্মসম্প্রদায় কখনই তা করবে না। তারা যতই ভালো হোক, তারা তা করবে না। আমাদের শিক্ষা হল সুসমাচারের সবচেয়ে বড় বাধা, তা হল শিক্ষা।

77 আমাদের যা দরকার তা শিক্ষা নয়। আমাদের শক্তি প্রদর্শনের জন্য গির্জায় পবিত্র আত্মার শক্তি এবং প্রদর্শনের প্রয়োজন আছে। যীশু কখনো বলেননি, "সমুদয় জগতে যাও এবং—এবং শিক্ষা প্রদান কর।" তিনি কখনো বলেননি, "সমুদয় জগতে যাও এবং..." তিনি বলেছিলেন, "সমুদয় জগতে যাও আর সুসমাচার প্রচার কর।" আর সুসমাচার হল পবিত্র আত্মার শক্তি, পুনরুত্থান প্রদর্শন করা। আমাদের যেখানে থাকা উচিত তার থেকে আমরা এখনও দশ লক্ষ মাইল দূরে। আসুন আমরা এগিয়ে যাই। আসুন আমরা পেন্টিকোস্টের পর্বে যেখানে তাকে ছেড়ে এসেছিলাম সেখানে ফিরে যাই।

78 যীশু বলেছেন, যোহন লিখিত সুসমাচারে, আমি বিশ্বাস করি, ১৫তম অধ্যায়, তিনি বলেছেন, "আমি দ্রাক্ষালতা, তোমরা শাখা।" ঠিক আছে এখন, সেই দ্রাক্ষালতা যদি প্রথম শাখাটি প্রকাশ করে, এবং সেই শাখা থেকে প্রেরিতের পুস্তক রচনা করে, দ্বিতীয় শাখা আরেকটি প্রেরিতের পুস্তক রচনা করবে। তৃতীয় শাখা আরেকটি প্রেরিতের পুস্তক রচনা করবে। আর সেই দ্রাক্ষালতা থেকে যে সব শাখা বের হবে তা প্রথম শাখার মতোই হবে।

79 এখন, আপনি কলম করতে পারেন, আমরা সেটা জানি। আমি একটি লেবুবর্গীয় গাছ দেখেছি যার উপরে প্রায় আট রকমের ফল ছিল। আমি একটি কমলা গাছ দেখেছি তাতে আঙ্গুর, লেবু এবং অন্য সব কিছু এর উপর ছিল, কিন্তু তাদেরকে জোড়া লাগানো হয়েছিল।

80 এটাই আজকের বিষয়। আমরা আমাদের ধারণাগুলি জোড়া লাগিয়েছি, আমাদের ধর্মসম্প্রদায়গুলি জোড়া লাগিয়েছি, কিন্তু সেই গাছটি যদি কখনো অন্য একটি শাখা নিজের থেকে বের করে, তবে তা সেই মূল শাখার মতোই হবে যা তাতে ছিল। হাল্লেলুইয়া! ওহ, মন্ডলী একসাথে মিশে যাবে, কিন্তু আমাদের মূল শক্তির প্রয়োজন আছে। আমাদের পবিত্র আত্মার প্রয়োজন আছে, যীশু খ্রীষ্টের পুনরুত্থানের শক্তি। এটাই তিনি আমাদের করতে বলেছেন।

81 "আমি দ্রাক্ষালতা, তোমরা শাখা।" যদি একটি আঙ্গুর লতা একটি অঙ্কুর বের করে, আর এটি সুন্দর নীল আঙ্গুরের সাথে বেরিয়ে আসে, পরবর্তী যে দ্রাক্ষালতাটি এটি বের করে তাতেও

সুন্দর নীল আঙ্গুর থাকবে। যদি প্রথম দ্রাক্ষালতা বেরিয়ে আসে এবং তারা পবিত্র আত্মার প্রভাবে পড়ে, আর তারা মহান অলৌকিক কাজ করে, এবং চিহ্ন সকল, আর বিশ্বের কাছে তাদের সাক্ষ্য মোহর করে...এমনকি তাদের অনেকেই তাদের নিজস্ব সাক্ষ্য দিয়ে, তারা, তাদের রক্ত দিয়ে, তারা তাদের সাক্ষ্য মোহর করে। সুসমাচার আনার জন্য তারা সব ধরনের বিপদ এবং সবকিছুর মধ্য দিয়ে গেছে। তারা কষ্ট পেয়েছিল; তাদের মারধর করা হয়েছিল; তাদের শাস্তি দেওয়া হয়েছিল। "আমাদের কি স্বর্গে নিয়ে যাওয়া হবে, আরামদায়ক ফুলের বিছানায়, যখন অন্যরা পুরস্কার জেতার জন্য লড়াই করে, এবং রক্তাক্ত সমুদ্রের মধ্য দিয়ে যাত্রা করে?" আমরা কি আশা করি? "যদি আমাকে রাজত্ব করতে হয় তাহলে অবশ্যই আমাকে লড়াই করতে হবে। আমার সাহস বাড়ান, প্রভু।" অবশ্যই। আমাদের প্রয়োজন আছে...

82 আমাদের একটি নতুন ধর্মসম্প্রদায়ের প্রয়োজন নেই। আমাদের নতুন গির্জা ভবনের প্রয়োজন নেই। আজ আমাদের যা দরকার তা হল একটি পুরানো সময়ের পুরানো ধাঁচের, নীল-আকাশ, পাপ-হত্যাকারী পেন্টিকোস্টাল পুনরুজ্জীবন, যা পেন্টিকোস্টের দিনে জন্মেছিল এবং আবার মন্ডলীতে ফিরে এসেছে, পবিত্র আত্মার শক্তি পুনরায়, যীশুকে দৃশ্যে আনতে।

83 ইতিহাসের ঈশ্বর সর্বদা একটি গুরুত্বপূর্ণ মুহূর্তে দৃশ্যে উঠে আসেন। আমাদের এটা প্রয়োজন আছে। আজকে আমাদের মন্ডলীর ব্যাপারটা এটাই। আমরা অনেক পিছিয়ে যাচ্ছি। আমরা বিশ্বের চালচলনে পড়ে যাচ্ছি। আর ধীরে ধীরে, বছরের পর বছর, এটি একটু একটু মরতে শুরু করে এবং শুকিয়ে যায়।

84 খুব শীঘ্রই এটা ছাঁটাইয়ের সময়। আমি এই বেদীতে যেমন দাঁড়িয়ে আছি, ঈশ্বর ততটা নিশ্চিত ভাবে তা কেটে দিবেন। ঈশ্বর তাকে কেটে দিবেন যাতে সে পুনরায় ফল দেয়। তিনি কিছু দিনের মধ্যেই পৃথিবীর কাজগুলিকে তা থেকে কেটে দিবেন। এমন অপমান, ধর্মের নামে গির্জা যেভাবে চালিয়ে গেছে।

85 আর আমরা খুজে পাই, যীশু যখন চলে গেলেন, তখন মৃত্যু শুরু হয়েছিল। যীশু যখন আমাদের মন্ডলী ত্যাগ করেন, পবিত্র আত্মার শক্তি আমাদের মন্ডলী ছেড়ে যায়, তখন তা হ্রাস পেতে শুরু করে এবং—এবং মারা যায়। আর এর পরে আর কিছুই নেই। এখন, যখন যীশু চলে যান, মৃত্যু ভিতরে আসে। ওহ, এটি একটি দুঃখজনক সময় ছিল।

86 আর লক্ষ্য করুন, তারা চারপাশে খুজতে থাকেন, আর তারা যীশুকে ডেকে পাঠালেন, কিন্তু তিনি আসেননি। তারা আবার তাঁকে ডেকে পাঠালেন, আর তিনি আসেননি, কিন্তু তিনি জানতেন তিনি কী করতে চলেছেন। তিনি জানেন আজ রাতে, তিনি কি করতে যাচ্ছেন। এটা তার কাছে হারিয়ে যায়নি: তিনি জানেন ঠিক তিনি কি করতে যাচ্ছেন। যেমন আমি এই বেদীতে দাঁড়িয়ে আছি ঠিক ততটাই নিশ্চিত তিনি এক দল প্রজা উপরে তুলতে আনতে যাচ্ছেন। তিনি পরজাতীয়দের প্রজন্মের মধ্য থেকে তাঁর নামের জন্য এক দল প্রজা তৈরি করবেন। তিনি এটা করবেন।

87 ইহুদিদের সময় এখন হাতে, আর পরজাতীয়দের শেষ হয়ে যাচ্ছে, কারণ তারা বেরিয়ে গেছে। তারা খ্রীষ্টকে প্রত্যাখ্যান করছে; তারা তাদের লক্ষণ প্রত্যাখ্যান করছে; তারা যা কিছু ধার্মিক তা প্রত্যাখ্যান করছে, এবং এটিকে এক ধরণের টেলিপ্যাথি বা শয়তান শক্তি হিসাবে চিহ্নিত করছে এবং করবে...তারা পবিত্র আত্মার নিন্দা করছে এবং নিজেদেরকে ঈশ্বরের কাছ থেকে দূরে সরিয়ে নিচ্ছে। আর ঈশ্বর সেই সংখ্যালঘুদের নিয়ে অল্প সময় পরে একটি শক্তিশালী মন্ডলীতে উন্নীত করবেন, আর তারপরে আত্মাকে ইহুদীদের দিকে ফিরিয়ে দিবেন আর পরজাতীয় মন্ডলীকে ঘরে নিয়ে যাবেন। একদম ঠিক। সে এখন প্রস্তুতির মধ্যে রয়েছে। ঠিক আছে, আমরা প্রায় শেষ সময়ে এসেছি।

88 যীশু, তিনি জানতেন। আর কিছু সময় পর তিনি বললেন, "আমাদের বন্ধু লাসার নিদ্রা গিয়াছে।"

89 কেন, শিষ্যরা ভেবেছিলেন তিনি একটু বিশ্রাম নিচ্ছেন। তিনি বলেছিলেন, "ঠিক আছে, সে যদি নিদ্রা গিয়া থাকে, তবে রক্ষা জাগিবে।"

90 ঠিক আছে, তিনি বলেছিলেন তার...তাদের কথা, যাতে তারা বুঝতে পারেন, বলেছিলেন, "তিনি মরিয়াছেন, আর তোমাদের নিমিত্ত আনন্দ করিতেছি যে, আমি সেখানে ছিলাম না।" দেখুন ? "আর তোমাদের নিমিত্ত আনন্দ করিতেছি যে, আমি সেখানে ছিলাম না।" কারণ তারা তাকে অনুরোধ করতো তাকে—তাকে সুস্থ—তাকে সুস্থ করার জন্য, কিন্তু তিনি জানতেন যে তিনি তা করতে পারবেন না, কারণ দর্শন তখনও...সেই চার দিন পর তিনি জানতে পারলেন যে, সেই সময়ই পিতা তাঁকে বলেছিলেন। কত সুন্দর; তিনি কবরে সামনে বললেন, "পিতঃ, তোমার ধন্যবাদ করি যে, তুমি আমার কথা শুনিয়াছ। কিন্তু এই যে সকল লোক চারিদিকে দাঁড়াইয়া আছে, ইহাদের নিমিত্তে এই কথা কহিলাম।" দেখুন ? তিনি

আগে থেকেই জানতেন তিনি কি করতে যাচ্ছেন। তিনি বলেছিলেন, "আমি নিদ্রা হইতে তাহাকে জাগাইতে যাইতেছি।"

91 এখন, আমি কল্পনা করতে পারি যে ছোট্ট বাড়িটি সত্যিই ভেঙে গেছে। পরিবারের উপার্জনকারী চলে গেছেন, দুঃখ। ওহ্, এটা চমৎকার যখন আপনার একটি দুঃখী বাড়ি অথবা একটি দুঃখী হৃদয় থাকে এবং যীশু হঠাৎ আবির্ভূত হন, তাই না ? আমি মার্থাকে কল্পনা করতে পারি, কালো ঘোমটা পরা একজন সুন্দরী ছোট্ট মহিলা, আর ছোট মরিয়ম, আর তারা একে অপরকে জড়িয়ে ধরে বলছে, "আমরা কি করবো ? বাবা মা চলে গেছেন, আর আমাদের মূল্যবান ভাই...এখন, আমরা গির্জা ছেড়ে এসেছি, এবং আমরা তাদের থেকে বহিষ্কৃত হয়েছি, আর নাসরতের যীশুকে অনুসরণ করতে বেরিয়ে এসেছি। আর তাকে দূরে টেনে নিয়ে গেছেন এবং আমাদের ছেড়ে চলে গেছেন, কোথাও।"

92 আমি একজন সমালোচককে এসে বলতে শুনতে পাচ্ছি, "আরে, কোথায় সেই ঐশ্বরিক নিরাময়কারী, সেই গালিলের ভাববাদী ? সে এখন কোথায় ? দেখুন, যখন সত্যিই তাঁর কিছু করার সময় আসে, তিনি চলে গেছেন।" এটা সেখানে। দেখুন, ঈশ্বর এটা করতে ভালোবাসেন, শুধু মানুষকে জানতে দিতে, মানুষদেরকে প্রকাশ করতে তারা কী, হ্যাঁ, তারা আসলে কি তা দেখানোর চেষ্টা করছি। তিনি তাদের আশীর্বাদ দেন। তিনি উপস্থিত হন, নিজেকে প্রকাশ করেন, লোকেদের কাছে নিজেকে পরিচয় করিয়ে দেন, তারা কী ধরনের প্রতিক্রিয়া করে তা দেখার জন্য, তারা এটি নিয়ে কী করবে তা দেখার জন্য।

93 এখন, আমরা খুঁজে পাই, কয়েক—কয়েক দিন পর, চার দিন, লাসার মারা গিয়েছিলেন। তারা তাকে কবর দেয়। দ্বিতীয় দিন, তৃতীয় দিন, চতুর্থ দিন...এখন, যে কেউ জানেন যে তিন দিন পরে বিকৃতি শুরু হয়: প্রথমে নাক মুখের উপর পড়ে। আর তারপরে বিকৃতি শুরু হয়; ত্বকের কৃমি শরীর খেতে শুরু করে। তারা তাকে মাটিতে শুইয়ে রেখেছিলেন, যেখানে তাকে রাখা হয়েছিল সেখানে গুহার উপরে একটি বড় পাথর রেখেছিলেন। আর অল্পবয়সী মেয়েরা মাঝে মাঝে সেখানে গিয়ে কবরের কাছে হাঁটু গেড়ে কাঁদত।

94 আর কিছুক্ষণ পর খবর ছড়িয়ে পড়লো, "যীশু এসেছেন। আমরা তাকে শহরে আসতে দেখেছি।" ওহ, সেই ছোট্ট মার্থা, তিনি এতটাই, আপাতদৃষ্টিতে, এতটাই এই বিষয়ে ধীর ছিলেন, তখন তিনি প্রমাণ করেছিলেন যে তাকে কী দিয়ে তৈরি করা হয়েছিল। এখানে সে আসে। সে তখন তার রাস্তায় আসে, খুঁজতে। আমি

রাস্তার ধারে তাদের কয়েকজনকে বলতে শুনতে পাচ্ছি, "ঠিক আছে, আমি অনুমান করি যে আপনি এখন সন্তুষ্ট, আপনার ধর্ম মিথ্যা।" সে তাদের উপেক্ষা করে এগিয়ে গিয়েছিলেন, সমস্ত সমালোচকদের উপেক্ষা করে এগিয়ে গিয়েছিলেন। যতক্ষণ না সে তাকে দেখতে পায় ততক্ষণ সে এগিয়ে গেল, হয়তো রাস্তার কোণে বসে।

95 এখন, এটা আপাতদৃষ্টিতে, তার অবশ্যই...তার হয়তো তাকে তিরস্কার করার এবং—এবং তার সাথে খারাপ কথা বলার অধিকার ছিল। কেন, সে দৌড়ে গিয়ে বলে নি, "এখানে তাকান, এখানে তাকান, আপনি। আপনি একজন ভাববাদী, ঈশ্বরের লোক হওয়ার কথা। আমরা যখন আপনাকে ডাকি তখন আপনি এলেন না কেন ? কেন, আমরা এখন শহরের হাসির পাত্র। আমরা আপনাকে অনুসরণ করতে আমাদের গির্জা থেকে বেরিয়ে এসেছি।" মনে হচ্ছিল তার একটা অধিকার আছে। কিন্তু আপনারা জানেন, যেভাবে আমি প্রচার করেছিলাম, *সেই মেষশাবক ও কপোত*, আমরা যদি মেষশাবক হই, একটি মেষশাবক তার সমস্ত অধিকার ত্যাগ করে। এটা একদম ঠিক। তার কাছে পশম ছাড়া আর কিছুই নেই, তাই তাকে তা ত্যাগ করতে হবে। আর আপনাকে সমস্ত অধিকার ত্যাগ করতে হবে ঈশ্বরের সেবা করার জন্য। এটা একদম ঠিক।

96 মহিলারা যেভাবে ছোট পোশাক পরিধান করেন তার বিরুদ্ধে আমি বলছিলাম, আপনারা জানেন, আর তারা বলেছিল, "ঠিক আছে, আমরা—আমরা আমেরিকান। আমরা যা করতে চাই তা করতে পারি।"

97 আমি বললাম, "সেটা ঠিক, কিন্তু আপনি যদি মেষশাবক হন, আপনি আপনার অধিকার ত্যাগ করবেন।" সিগারেট খাওয়া আর এইরকম আচরণ, এটি একজন মহিলার করা সবচেয়ে খারাপ কাজ। এটা একদম ঠিক।

98 একজন ভদ্রমহিলা আমাকে বললেন, কিছু সময় আগে, আমার সাথে কথা বলছিলেন, বলছিলেন, "কিন্তু, ভাই ব্রানহাম, তারা অন্য কোন জামাকাপড় তৈরি করেন না।"

99 আমি বললাম, "কিন্তু তারা এখনও সেলাই মেশিন তৈরি করে এবং বিক্রি করে। এটা নিয়ে কোন অজুহাত চলবে না।" এটা একদম ঠিক।

100 মনে রাখবেন, কোন একদিন, আপনি হয়তো আপনার স্বামীর কাছে শুদ্ধ হবেন, কিন্তু আপনি এর জন্য ব্যভিচারের জবাব দিবেন,

নিশ্চিতভাবে: "যে কেহ কোন স্ত্রীলোকের প্রতি কামভাবে দৃষ্টিপাত করে, সে তখনই মনে মনে তাহার সহিত ব্যভিচার করিল।"

101 আজ পেন্টিকোস্টাল মহিলাদের সাথে কি ঘটছে, তা আমি ভাবছি। কিভাবে আপনারা সেই পুরানো পরম্পরা থেকে দূরে চলে গেছেন। আপনাদের মায়েরা কীভাবে লম্বা চুল রাখতেন, আর আজ পেন্টিকোস্টাল মহিলারা মার্ডি গ্রাসের দলের মতো রং লাগাচ্ছেন, আর তাদের চুল কেটে ফেলছেন, আর ছোট ছোট জামাকাপড় পরছেন, ঠিক বাকিদের মত...বাইরে বের হয়ে বিকেলে উঠানের ঘাস কাটার সময়, যখন পুরুষরা আসছেন, আপনারা কি বুঝতে পারেন, মহিলারা, তাদের সাথে ব্যভিচার করার জন্য আপনাকে উত্তর দিতে হবে? আপনি সেই উদ্দেশ্যে তাদের কাছে নিজেকে উপস্থাপন করেন। এটি মন্ডলী এবং তার লোকদের উপর একটি মন্দ আত্মা, আর তারা এটি জানে না। অন্ধ এবং তা জানেন না। এটাই সত্য।

102 হয়তো আপনি বলতে পারেন ধর্মপ্রচারক হিসেবে এটা বলার অধিকার আমার নেই। ঠিক আছে, আমাকে—আমাকে পবিত্র আত্মার প্রদর্শনা অনুসরণ করতে হবে; এটাই আমি বলতে পারি। আপনি...আমি যদি বিচারের সময় আপনার সাথে দেখা করি, তখন আমার হাতে আপনার রক্ত থাকবে না। শয়তানের প্রতিটি ভূমি থেকে দূরে সরে যান। এটা থেকে দূরে থাকুন। তার থেকে দূরে সরে যান। আমি চিন্তা করি না কতজন টেলিভিশন তারকা...আপনি এখানে একজন টেলিভিশন তারকা নন; আপনি একজন ঈশ্বরের কন্যা।

103 অন্য একদিন সকালে পালকদের মন্ডলীতে প্রচার করেছিলাম, একজন বৃদ্ধ ক্রীতদাসের সম্পর্কে, অনেক আগে যখন তারা ক্রীতদাস বিক্রি করত। আর তারা এসে তাদের নিলামে কিনে নিয়ে যেত। আর সেই লোকরা, তারা কাঁদছিল, কারণ তাদের জন্মভূমি; তারা আর কখনো ফিরে যেতে পারবে না। আর তারা তাদের চাবুক মারত। আর তারা তাদের ক্রয় করত ঠিক যেমন আপনি একটি গাড়ি ক্রয় করেন, শুধু যে কোনো কিছুর জন্য, দাম, আর মানুষ বিক্রি করত।

104 আর একদিন, একজন ক্রেতা আসেন, একজন দালাল, একটি বড়...একটি বড় বাগানে, বরং। আর সে বলল, "বিক্রয়ের জন্য আপনার কাছে কতজন ক্রীতদাস আছে?"

105 বলল, "ঠিক আছে, আমার কাছে অদলবদলের জন্য কিছু আছে।" তারা তাদের বড় করার চেষ্টা করবে। মা, বাবাদের নিয়ে...

তার কাছে কোন বিবাহিত মহিলা যদি একটু দুর্বল মহিলা হয়ে থাকে, এই বড় সুস্থ পুরুষদের নিয়ে গিয়ে তাদের বংশবৃদ্ধি করে...ঘোড়া এবং পশুদের মত। কখনোই এটা ঠিক ছিল না। ঈশ্বর মানুষ তৈরি করেছেন। মানুষ দাস বানিয়েছে। এটি দিয়ে আরম্ভ করা ঠিক নয়, কখনই না। ঈশ্বর কোন মানুষকে দাস হতে চান না। না, মহাশয়। আর না...কি ঘটেছে তা দেখুন।

106 তারপর সেই সবের মাঝেই এই লোকটি বলল, "ঠিক আছে, আমি তাদের কিছু কিনতে চাই..." তিনি সেখানে এক যুবককে লক্ষ্য করলেন। তাদের তাকে বেত্রাঘাত করতে হয়নি। তার চিবুক উপরে ছিল, মাথা উপরে, একজন সত্যিকারের ভদ্রলোকের মতো, ঘুরে বেড়াচ্ছেন। আর সেই দালাল বলল, "আমি তাকে কিনতে চাই।"

107 সে বলল, "কিন্তু সে বিক্রির জন্য নয়।"

108 সে বলল, "বেশ, কেন ?" বললো, "তিনি কি কর্তা ?"

109 সে বলল, "না, সে একজন ক্রীতদাস।"

110 "ঠিক আছে," বললেন, "কেন ? আপনি কি তাকে বাকিদের থেকে ভালো করে খেতে দেন ?"

111 সে বলল, "না। সে সেখানে বাকিদের সাথে মেঝেতে খায়। সে একজন ক্রীতদাস।"

112 বলল, "কি তাকে বাকিদের থেকে এত আলাদা করে তোলে ?"

113 আর কর্তা বললেন, "আমি অনেক দিন ধরেই ভাবছিলাম, কিন্তু একদিন জানতে পারলাম। জন্মভূমিতে, তার পিতা গোষ্ঠীর রাজা। আর যদিও সে বাড়ি থেকে দূরে একজন বিদেশী, তবুও সে জানে সে একজন রাজার ছেলে এবং সে নিজে তার মতো আচরণ করে।" যদি তা...যদি একজন আফ্রিকান আদিবাসী বুঝতে পারেন যে তার পিতা একজন রাজা, আর এখানে একটি বিচিত্র দেশে একজন বিদেশী হয়েও সে জানে যে সমুদ্রের ওপারে সে একজন রাজার পুত্র, তোমরা যখন ঈশ্বরের পুত্র ও কন্যা, তখন নারী ও পুরুষদের নিজেদের আচরণ কেমন হওয়া উচিত ? তার মত আচরণ করুন। অবশ্যই। নিজেদের আচরণ; নিজেদেরকে পরিষ্কার করুন এবং ঈশ্বরের পুত্র ও কন্যার মতো আচরণ করুন। আশ্চর্য, কি অবস্থা।

114 এখানে আমরা। ওহ, ছোট মার্থা, দৌড়ে বেরিয়ে এসে। তাকে দেখতে মনে হচ্ছিল তার কাছে একটি—তাঁর বিরুদ্ধে কিছু বলার একটি উপায় ছিল। "তুমি আমার ভাইয়ের কাছে এলে না কেন ? দেখুন আমরা আপনার জন্য কত কিছু করেছি আর আপনি আমাদের হতাশ করেছেন।" ঠিক আছে, যদি সে এটি বলতেন তবে গল্পটি

যেভাবে শেষ হয়েছিল তা কখনই শেষ হত না। না, মহাশয়। এইভাবেই আপনি ঈশ্বরের ঐশ্বরিক দানের সান্নিধ্যে আসেন। যদি ঈশ্বর একটি দান প্রেরন করেন, আপনাকে সঠিকভাবে তার সান্নিধ্যে আসতে হবে। আপনি যদি কখনও তার কাছ থেকে কিছু পাওয়ার আশা করেন, আপনাকে সঠিক ভাবে তার সান্নিধ্যে আসতে হবে। আর মার্থা তা জানতেন। তিনি সম্ভবত শূনেমীয়া মহিলা এবং তার শিশুটির সম্পর্কে পড়েছিলেন। আর সে...সেই শূনেমীয়া মহিলা যদি জানতেন যে ঈশ্বর ইলীশায়ের মধ্যে ছিলেন, তাহলে তিনি যীশুর মধ্যে কত বেশি ছিলেন ? নিশ্চিতভাবে।

115 সুতরাং, তিনি সঠিক পদ্ধতির তার সান্নিধ্যে আসেন। তিনি দৌড়ে গিয়ে তাঁর পায়ে পড়লেন। আমি সেটা পছন্দ করি ! পায়ের কাছে পড়ে বললেন, "প্রভু..." এটা তার সঠিক উপাধি। এটাই তিনি ছিলেন। তিনি তার প্রভু ছিলেন। "প্রভু, আপনি যদি এখানে থাকিতেন, আমার ভাই মরিত না।"

116 আহারে ! ওহ, আমি কেবল তার মহান হৃদয়কে কল্পনা করতে পারি যখন তিনি সেই সুন্দরী মহিলার দিকে তাকালেন, তার গাল বেয়ে অশ্রু বয়ে যাচ্ছে। বললেন, "প্রভু, আপনি যদি এখানে থাকিতেন, আমার ভাই মরিত না।" সে কি বলেছিল দেখুন। "আর এখনও আমি জানি, যদিও তিনি মারা গেছেন, যদিও চামড়ার কৃমি তার শরীরে হামাগুড়ি দিচ্ছে, এখনও, হে প্রভু, আপনি ঈশ্বরের কাছে যে কিছু যাচ্ঞা করিবেন, তাহা ঈশ্বর আপনাকে দিবেন।"

117 ওহ, এটাই রহস্য। আপনি বলতে পারেন, "আমি প্রতিটি হাসপাতালে দেখেছি। ডাক্তার বলছে আমি মরে যাবো, কিন্তু এখনও, প্রভু...আমি সম্পূর্ণ বাতের ব্যথায় পঙ্গু; আমি নড়াচড়া করতে পারি না, কিন্তু এখনও, প্রভু..."

118 এই ছোট্ট শিশুটির কাছে গত রাতে এত বড় জল ছিল। আপনি কিছুই করতে পারেন না। এটি ছড়িয়ে পড়বে এবং তার ছোট্ট মাথাটি ফেটে মারা যাবে, "কিন্তু এখনও, প্রভু..." তিনি এখনও একই ঈশ্বর। তিনি এখনও একই প্রভু। "এখনও, প্রভু..." আর তিনি সর্বশক্তিমান ঈশ্বরের দক্ষিণে বসে আছেন, যা আমরা দাবি করি যে তিনি আমাদের জন্য করেছেন সেই বিষয়ের উপর সুপারিশ করেন।

119 এখন, আমি সত্যিই ধার্মিক বোধ করি। অবশ্যই করি। আপনি যেভাবেই হোক আমাকে একটি পবিত্র-গড়ানো বলতে যাচ্ছেন, তাই আপনিও শুরু করতে পারেন এবং এটি শেষ করতে পারেন।

120 তাই, হ্যাঁ, মহাশয়, “এখনও, প্রভু, আপনি ঈশ্বরের কাছে যে কিছু যাচ্ঞা করিবেন, তাহা ঈশ্বর আপনাকে দিবেন।”

121 “আমার নামে পিতার নিকটে যদি তোমরা কিছু যাচ্ঞা কর, আমি তাহা করিব,” যীশু বলেছেন।

122 “এখনও, প্রভু, আমি জানি, আপনি ঈশ্বরের কাছে যে কিছু যাচ্ঞা করিবেন, তাহা ঈশ্বর আপনাকে দিবেন।” ওহ, এটি অবশ্যই তাঁর মহান হৃদয়ে প্রবেশ করে।

123 তিনি বলেছিলেন, “তোমার ভাই আবার জীবিত হবে।”

124 সে বলেছিল, “হ্যাঁ, প্রভু। সে জীবিত হবে। সে ভালো ছেলে ছিল। সে শেষ দিনে সাধারণ পুনরুত্থানে উঠবে।” ইহুদিরা সাধারণ পুনরুত্থানে বিশ্বাস করত। “শেষ দিনে পুনরুত্থানে সে উঠিবে।”

125 তার দিকে দেখুন। তিনি তার ছোট আত্মকে একসঙ্গে নিয়ে আসেন। তিনি বলেছিলেন, “আমিই পুনরুত্থান ও জীবন।” হে, আমার। এর আগে কখনো এমন কথা কোনো মানুষ বলতে পারেনি। এর পরে আর কখনো হবে না, বলা যায়। একমাত্র তিনিই বলতে পারেন। “আমিই পুনরুত্থান ও জীবন,” প্রভু বলেন। “যে আমাতে বিশ্বাস করে, সে মরিলেও জীবিত থাকিবে। আর যে কেহ জীবিত আছে, এবং আমাতে বিশ্বাস করে, সে কখনও মরিবে না। ইহা কি বিশ্বাস কর ?”

126 সে বলেছিল, “হ্যাঁ, প্রভু।” ওহ, সে জানত যে কিছু একটা ঘটতে যাচ্ছে। এটা হতেই হবে।

127 যখন একটি সৎ হৃদয় থেকে বিশ্বাস ঈশ্বরের সাথে দেখা করে, তখন তাদের সবকিছু ঠিক *এইভাবে* একত্রিত হয়। কিছু একটা ঘটতে হবে। আমি আজ রাতে এই শ্রোতাদের চ্যালেঞ্জ করছি, যীশু খ্রীষ্টের নামে, আপনার বিশ্বাসকে ঈশ্বরের সাথে সেইভাবে সংযুক্ত হতে দিন, কয়েক মিনিটের মধ্যে আমরা আরেকটি পেন্টিকোস্ট পাব। এই শহরে এমন একটি পুনরুজ্জীবন শুরু হয়ে যাবে, সেটা দাবিয়ে রাখার জন্য দেশে যথেষ্ট পুলিশ থাকবে না। সেটা ঠিক। একটি বাস্তব পুনরুজ্জীবন হবে। “এখনও, প্রভু…”

128 “ঠিক আছে, প্রভু, আমরা *এটির* থেকে সরে গিয়েছিলাম; আমরা *এটি* করেছি, আর *ওটি* করেছি।” আপনি কি করেছেন তাতে আমার কিছু যায় আসে না, “এখনও, প্রভু…” তিনি আপনার ডাকের অপেক্ষা করছেন। তিনি…“ইহা কি বিশ্বাস কর ?” নিশ্চয়ই। হ্যাঁ, মহাশয়। “আর এখনও, আপনি ঈশ্বরের কাছে যে কিছু যাচ্ঞা করিবেন,…”

129 "তাহাকে কোথায় রাখিয়াছ?" এখন, তিনি কবরের কাছে যান। তিনি ক্রন্দন করার জন্য যথেষ্ট মানুষ ছিলেন; তিনি মৃতদের জীবিত করার জন্য যথেষ্ট ঈশ্বর ছিলেন।

130 এখানে কিছু সময় আগে, একজন মহিলা যিনি একটি নির্দিষ্ট গোষ্ঠীর অন্তর্গত ছিলেন...আমি কখনোই এটাকে অভ্যাস করে তুলি নি ধর্মসম্প্রদায়ের বিষয়ে। কিন্তু এই মহিলা...তারা বিশ্বাস করে না যে যীশু ঐশ্বরিক ছিলেন। তারা বলতেন তিনি একজন ভাববাদী মাত্র। এখন, তিনি ছিলেন...তিনি যদি একজন ভাববাদী হয়ে থাকেন তবে আমরা সকলেই পাপের মধ্যে আছি। তিনি হয় ঈশ্বর ছিলেন, ঈশ্বরের চেয়ে কম কিছু নন, অথবা বিশ্বের সবচেয়ে বড় প্রতারক ছিলেন। সেটা ঠিক। তিনি একজন মানুষের চেয়ে বেশি ছিলেন। সে বলল, "তিনি ঐশ্বরিক ছিলেন না।"

131 আজকের এই সামাজিক সুসমাচারে এর অনেক কিছুই আছে; যীশু খ্রীষ্টকে ভাববাদী বানানোর চেষ্টা করছে। কেন, তিনি ছিলেন ভাববাদীদের ঈশ্বর। নিশ্চয়ই তিনি ছিলেন।

132 সে বলল, "আমি আপনার বাইবেলের দ্বারা এটি প্রমাণ করব, 'তিনি একজন মানুষ ছিলেন।'"

133 আমি বললাম, "আপনি করেন।"

134 আর সে বলল, "যখন তিনি লাসারের কবরে গিয়েছিলেন, বাইবেল বলে, 'তিনি কেঁদেছিলেন।' তাকে মরণশীল হতে হবে নতুবা তিনি কাঁদতে পারেন না।"

135 আমি বললাম, "ভদ্রমহিলা, এটা কি আপনার শাস্ত্র?" আমি এখানে এটি বলার জন্য অপবিত্র হতে চাই না, তবে আমি তাকে যা বলেছিলাম তা আমি আপনাকে বলব।

136 সে বলল, "এটাই।"

137 আমি বললাম, "ক্ষুধায় মারা যাওয়া মুরগির ছায়া থেকে তৈরি ঝোলের চেয়ে এই বক্তব্যটি দুর্বল।" আমি বললাম, "ঠিক আছে, আপনার—আপনার দাঁড়ানোর জন্য কোন স্থান নেই।"

138 সে বলল, "কেন, তিনি কাঁদলেন। যা দেখায় তিনি নশ্বর ছিলেন।"

139 আমি বললাম, "তিনি নশ্বর ও অবিনশ্বর উভয়ই ছিলেন। তিনি ঈশ্বর দেহে ছিলেন।"

140 সে বলল, "ওহ, বোকামি!"

141 আমি বললাম, “তিনি কাঁদতে কাঁদতে কবরে গেলেন। সেটা যথেষ্ট সত্য, কিন্তু যখন তিনি তার আত্মকে উপরে তুলেন...” বাইবেল বলে, “তাঁকে দেখার মতো কিছুই ছিল না; কোন সৌন্দর্য ছিল না যে আমরা তাহার আকাঙ্ক্ষা করি।” কিন্তু যখন তিনি তার কাঁধ সোজা করে বললেন, “লাসার, বাহিরে আইস,” আর একজন মানুষ যে চার দিন আগে মারা গিয়েছেন এবং কবরে পচে গিয়েছেন, সে বেরিয়ে আসে। সেটা একটি মানুষের চেয়ে বেশি ছিল। আমাকে দেখান মানুষ এটা করতে পারে। এটা কি ছিল ? বিকৃতি তার কর্তাকে জানে। জীবন তার সৃষ্টিকর্তাকে জানে। কিছু ঘটতেই হবে। তিনি আদেশ করলেন এবং একজন ব্যক্তি যিনি মৃত এবং চার দিন কবরে ছিলেন, পুনরুত্থিত হলেন, আর তার পায়ে দাঁড়ালেন, আর জীবিত হলেন। হালেলুইয়া! সেটা ঈশ্বর তাঁর পুত্রে ছিলেন। হ্যাঁ, মহাশয়। সেটা ঈশ্বর তাঁর মাধ্যমে নিজেকে প্রকাশ করছিলেন, পুত্র। সেটা ঈশ্বর কথা বলছিলেন, একজন মানুষ নয়।

142 সেই দিন যখন তিনি গাছের উপর কিছু খাওয়ার জন্য তাকালেন তখন তিনি একজন মানুষ ছিলেন। তিনি একজন মানুষ ছিলেন। কিন্তু তিনি যখন পাঁচটি রুটি ও দুটি মাছ নিয়ে পাঁচ হাজার জনকে খাওয়ালেন, তখন তিনি একজন মানুষের চেয়েও বেশি ছিলেন। তিনি ঈশ্বর ছিলেন সেখানে তাদের খাওয়াচ্ছিলেন। তিনি একজন ভাববাদীর চেয়েও বেশি, একজন মানুষের চেয়েও বেশি, তিনি একজন ঈশ্বর-মানব ছিলেন। নিশ্চয়ই।

143 সেই রাতে সেই ছোট্ট নৌকার উপর শুয়েছিলেন, আর শক্তিশালী সমুদ্র গর্জন করছিল এবং সেই সমুদ্রের মধ্যে বোতলের ছিপির মতো লাফাচ্ছিল, যখন সমুদ্রের দশ হাজার শয়তান শপথ করেছিল যে তারা তাকে সেই রাতে ডুবিয়ে দেবে। তিনি একজন মানুষ ছিলেন, অসুস্থদের জন্য প্রার্থনা করতে করতে দুর্বল এবং ক্লান্ত হয়ে পড়েছিলেন, সেখানে শুয়ে ছিলেন; আর বাতাস তাকে বিরক্ত করতে পারেনি। তিনি যখন ঘুমিয়ে ছিলেন তখন তিনি একজন মানুষ ছিলেন, কিন্তু যখন তিনি জেগে উঠলেন, তখন নৌকার পালের দড়ি উপর পা রাখলেন, উপরের দিকে তাকিয়ে বললেন, “শান্ত হও,” আর ঢেউ ও বাতাস তার কথা শুনল, সেটা একজন মানুষের চেয়েও বেশি ছিল। সেটা মানুষের মধ্যে ঈশ্বর ছিলেন, নিজেকে প্রকাশ করছিলেন। সেটা ঠিক।

144 তিনি ক্রুশে একজন মানুষ ছিলেন যখন তিনি দয়ার জন্য চিৎকার করেছিলেন। যখন তিনি কাঁদলেন আর বললেন, “আমি তৃষ্ণার্ত,” তিনি একজন মানুষ ছিলেন। যখন তিনি মারা যান, তিনি একজন

মানুষ ছিলেন, কিন্তু ইস্টারের সকালে যখন তিনি মৃত্যু, নরক এবং কবরের বেষ্টনী ভেঙেছিলেন, আর পুনরুজ্জীবিত হলেন, তিনি একজন মানুষের চেয়েও বেশি ছিলেন: এটি ঈশ্বরে প্রকাশিত হলেন। এতে অবাক হওয়ার কিছু নেই যে কবি বলেছেন:

জীবিত অবস্থায়, তিনি আমাকে ভালবেসেছেন;
মৃত্যুতে, তিনি আমাকে রক্ষা করেছেন;
সমাহিত হয়ে, তিনি আমার পাপ বহুদূরে নিয়ে গেলেন;
পুনরুজ্জীবিত হয়ে, তিনি চিরকালের জন্য অবাধে ন্যায়সঙ্গত করেছেন:
কোন একদিন তিনি আসছেন—ওহ, মহিমান্বিত দিন!

145 তিনি বলেছেন, "কারণ আমি জীবিত আছি, এই জন্য তোমরাও জীবিত থাকিবে। ইহা কি বিশ্বাস কর?" তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। আপনি কি এটা বিশ্বাস করেন? আমি বিশ্বাস করি পবিত্র আত্মা এখন এখানে আছেন। আপনি কি এটা বিশ্বাস করেন? আমি বিশ্বাস করি তিনি আমাদেরকে তাঁর উপস্থিতিতে পূর্ণ করবেন। আপনি কি এটা বিশ্বাস করেন? আমি বিশ্বাস করি পবিত্র আত্মা তার উপস্থিতি ঢেলে দিতে চান, সমস্ত অসুস্থদের সুস্থ করতে চান, পবিত্র আত্মা পায়নি এমন সমস্ত লোককে পূর্ণ করতে। আপনি কি এটা বিশ্বাস করেন? আপনি কি আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করেন? আসুন আমাদের পায়ে দাঁড়াই এবং তাঁর প্রশংসা করি। আমি বিশ্বাস করি তিনি এখনই আমাদের উপর নেমে আসবেন।

146 হে প্রভু ঈশ্বর, স্বর্গ ও পৃথিবীর সৃষ্টিকর্তা, অনন্ত জীবনের লেখক, প্রতিটি ভাল উপহারের দাতা, আমরা "ইহা কি বিশ্বাস কর," প্রভু। আমরা বিশ্বাস করি যে আপনি এখানে সভাতে আছেন। আমরা বিশ্বাস করি যে আপনিই আমাদের আত্মাকে আশীর্বাদ করছেন। আমরা বিশ্বাস করি যে আপনি আমাদের উপর আপনার আত্মা ঢেলে দিচ্ছেন। আমরা বিশ্বাস করি যে আপনি গতকাল, আজ এবং চিরকাল একই আছেন। আমরা বিশ্বাস করি আপনি চিরকাল বেঁচে আছেন এবং আমাদের নাম মেষশাবকের জীবন-বৃক্ষ গ্রন্থে লেখা আছে। সমস্ত আকাশ ও পৃথিবী ধ্বংস হয়ে যাবে, কিন্তু আমরা চিরকাল বেঁচে থাকব, কারণ আপনি চিরকাল বেঁচে আছেন। প্রভু, আপনি আমাদের প্রতিশ্রুতি দিয়েছেন। আমরা আমাদের সমস্ত হৃদয় দিয়ে এটি বিশ্বাস করি। আমাদের মধ্যে যা কিছু আছে, আমরা তা বিশ্বাস করি, প্রভু। আমি তাকে ভালবাসি, আমি তাকে ভালবাসি।

147 আপনি কি তাকে বিশ্বাস করেন ? আমি বিশ্বাস করি যে এটি পবিত্র আত্মা। আমাদের উপর কিছু পড়ছে। আপনি কি এটা বিশ্বাস করেন ? আমি বিশ্বাস করি তিনি এখনই প্রত্যেক ব্যক্তিকে সুস্থ করতে চান। আপনি কি এটা বিশ্বাস করেন ? তাঁর কাছে আপনার হাত বাড়ান। উঠে দাঁড়ান। আপনি কি এটা বিশ্বাস করেন ? পবিত্র আত্মা এখানে আছেন। এটাই সেটা ! পিতর বলেছেন, "এটাই তিনি।" এটাই তিনি, পবিত্র আত্মা।

148 হে প্রভু, স্বর্গ ও পৃথিবীর সৃষ্টিকর্তা, এই লোকেদের উপর আপনার শক্তি, আপনার আশীর্বাদ এবং আপনার মঙ্গল প্রেরণ করুন, এবং তাদের হৃদয়কে আশীর্বাদ করুন, আর তারা যেন দেখতে পায় যে মানবপুত্র চিরকাল বেঁচে আছেন৷ এটা প্রদান করুন, হে প্রভু। ঈশ্বরের পুত্র যীশু খ্রীষ্টের নামে আমরা তাদের আপনার কাছে উপস্থাপন করছি।

149 কারও কাছে পবিত্র আত্মা নেই, আপনার হাত তুলে ঈশ্বরের প্রশংসা করুন। আমি বিশ্বাস করি তিনি আপনার উপর নেমে আসবেন। কেউ তাদের উপর হাত রাখুন। এটাই সেই সময়। কেন আমরা আর অপেক্ষা করব ? এটাই সেই সময়। এটাই পেন্টিকোস্টের সময়, ঈশ্বরের কাছে ফিরে আসার। ঈশ্বরের সাথে সঠিক হন, পেন্টিকোস্ট ! জীবন্ত ঈশ্বরের শক্তি দ্বারা আপনার হৃদয় আলোড়িত করুন। তার আত্মাকে আপনার মধ্যে আসতে দিন, আপনার আত্মাতে সম্পৃক্ত করতে। তিনি এখানে রাতের পর রাত, এখানে অসুস্থদের নিরাময় করতে, অন্ধদের দৃষ্টি দিতে আছেন, মহান এবং পরাক্রমশালী শক্তির মাধ্যমে তিনি নিজেকে চিরকাল একই হতে প্রমাণ করেন। হালেলুইয়া !

150 তাঁর প্রশংসা করুন। আপনার হাত উপরে তুলুন। আপনি কোথায় আছেন তা ভুলে যান; শুধু জানুন যে আপনি তার আসেপাশে আছেন, আর তাঁর ধার্মিকতা, তাঁর মহিমা, তাঁর শক্তি, তাঁর করুণা চিরকাল স্থায়ী। তিনি চিরকাল একই। প্রভুর নাম ধন্য হোক। হালেলুইয়া ! ওহ, তাঁর পবিত্র নামের প্রশংসা হোক।

151 ওহ, তিনি কত বিস্ময়কর, কত পরাক্রমশালী। কতজন এই মুহূর্তে নতুন করে আপনার জীবনকে ঈশ্বরের কাছে উৎসর্গ করতে চান ? আপনার হাত উপরে তুলুন। কতজন আপনার জীবনকে ঈশ্বরের কাছে উৎসর্গ করতে চান ? শুধু মাত্র এই কয়জন। আপনার হাত উপরে তুলুন। আসুন পেন্টিকোস্ট দেখি। ঈশ্বরের লোকদের দেখা যাক। আমি আমার হাত উপরে উঠাই। "প্রভু, আমি এখানে। আমাকে প্রেরণ করুন।" তারপর বেদীর কয়লা সহ একটি স্বর্গদূতকে

নিন এবং আমাদের উপর আপনার শক্তি প্রেরণ করুন, প্রভু। ঈশ্বর, আপনার আত্মার পূর্ণতায় তা প্রদান করুন, হে পিতা। হে প্রভু, আমাদের প্রার্থনা শুনুন। আমাদের প্রার্থনা শুনুন, বিশ্বাসী শিশু হিসাবে যারা দাঁড়িয়ে আছে। তাঁর নামের প্রশংসা হোক।

152 আহা, গৌরবের ঢেউয়ের মতো আছড়ে পড়ছে, আহা, করুণার শিশির বিন্দু। হে, ঈশ্বরের প্রশংসা হোক। আমাদের আত্মা অপেক্ষা করুক। আপনি কি এটা বিশ্বাস করেন? আপনি কি এটা বিশ্বাস করেন? এটাই সেই পবিত্র আত্মা যিনি আসেন। এটাই সেই অদৃশ্য শক্তি যা আমাদেরকে ঈশ্বরের রাজ্যে নিয়ে যায়, পেন্টিকোস্টের আশীর্বাদ। ঘরে ফেরানো। আপনার বাড়িতে ফিরে আসা আশা করা হয়। আপনারা মূল্যবান। ঈশ্বর চান আপনি নিজেকে পবিত্র করুন। মহিলারা, নিজেকে পরিষ্কার করুন। পুরুষেরা, নিজেকে পরিষ্কার করুন। আসুন ঈশ্বরের কাছে ফিরে আসা শুরু করি এবং সত্যিকারের পরিচ্ছন্ন চিত্তে ঈশ্বরের সেবা করি।

153 ঈশ্বরের প্রশংসা করুন, পবিত্র আত্মা সভাতে নেমে এসেছেন। আপনি যা করতে পরিচালিত হন তা করুন। শুধু পবিত্র আত্মা আপনার উপর আসতে দিন। আমার বলার কিছু নেই। আমি এখন কি বলব জানি না। পবিত্র আত্মা এখন ভবন জুড়ে আছেন। প্রভুর নাম ধন্য হোক। প্রভুর প্রশংসা হোক। ওহ, হালেলুইয়া! হালেলুইয়া! প্রভুর প্রশংসা হোক। প্রভুর প্রশংসা কর। কত অপূর্ব, কত গৌরবময়...কত সুন্দর, কত সুন্দর তোমার মুখের উপর ঈশ্বরের সন্তদের প্রশংসা, পবিত্র আত্মার উপস্থিতি এখানে চলমান এবং আমাদের তাঁর মহিমা দেখাচ্ছেন এই বিশাল জনতার মধ্যে একযোগে, তাঁর নামের প্রশংসা করছেন।

154 ঘুরুন আর পাশের জনের সাথে হাত মিলান, বলুন, "প্রভুর প্রশংসা করুন ভাই। প্রভুর প্রশংসা করুন, বোন।" আসুন সরাসরি প্রবেশ করি এবং ঈশ্বর আমাদের উত্তেজিত করুন। প্রভুর প্রশংসা করুন। সেটা ঠিক। আপনারা সকলে মেথডিস্ট, এবং ব্যাপ্টিস্ট, এবং প্রেসবিটারিয়ান, পেন্টিকোস্টাল এবং সেভেন্থ ডে অ্যাডভেন্টিস্ট, আর আপনি যাই হোন না কেন, প্রভু ঈশ্বরের উপস্থিতিতে একে অপরের সাথে হাত মিলান। এটাই। ওহ, হালেলুইয়া! হালেলুইয়া! হালেলুইয়া! ওহ, আমি খুব খুশি যে আমি তাদের একজন। আমি অনেক খুশি। ওহ, দেয়াল ভেঙ্গে ফেলে, ময়লা ছুঁড়ে ফেলে। মহিমা! প্রভুর মধ্যে স্বাধীনতা, তাঁর পবিত্র নামের প্রশংসা...প্রভুর নাম ধন্য হোক। ওহ, হালেলুইয়া! ঈশ্বরের প্রশংসা করুন।

155 ওহ, আমি এটি দেখতে ভালোবাসি: লোকেরা একে অপরের সাথে হাত মেলাচ্ছেন আর তাদের মুখ আলোকিত হয়ে উঠছে। ঈশ্বরের শক্তি বলছে, “এটাই। এটাই, আমরা ঈশ্বরের সন্তান। আমরা সবাই এক মহান মন্ডলী, খ্রীষ্ট যীশুতে একজন মহান ব্যক্তি, তাঁর বধূ, মহিমান্বিত।” প্রভুর আগমন নিকটবর্তী হয়ে আসছে। তার লোকেরা একত্রিত হচ্ছে এবং নিজেদেরকে ভালবাসছে...প্রেম এবং তার উপস্থিতির শক্তির সঙ্গে। ওহ, এটি স্বর্গের মতো। ওহ, এই ভাল। আমেন। ওহ, কত মহিমাময়, কত বিস্ময়কর: শুধু আত্মায় এবং শক্তিতে প্রভুর উপাসনা করা। এমন একটা সময়। (এটি থামানো ছিল; আমরা শুরু করি।)

156 সেখানে নেই...ভাইদের বললাম, “ভাইয়েরা, থামার কোন স্থান নেই।” এখানে এর কোনো স্থান নেই...আমরা কখনই শুরু করি না, তাই আমরা থামি না। শুধু—শুধু বিস্ময়কর...কতজন সত্যিকারের ভালো লাগছে ? প্রভুর উপস্থিতিতে, ওহ, আমার, এটা চমৎকার, এখানে প্রভুর উপস্থিতি।

157 এখন, প্রভুর উপস্থিতি এখানে অসুস্থদের সুস্থ করতে, মানুষকে সুস্থ করতে। শুধু তাকে বিশ্বাস করুন। আপনি কি তাকে বিশ্বাস করেন ? আমরা যদি তাকে বিশ্বাস করতে পারি, তাহলে সবকিছুই সম্ভব। আপনি কি এটা বিশ্বাস করেন ? আপনি কি বিশ্বাস করেন যে এটি প্রভুর উপস্থিতি ?

158 এখন, যখন আপনি...আমাকে একটি মুহূর্ত দিন, এখন একটি মুহূর্ত, আর একটি মুহূর্ত শুনুন। আমাকে আপনার কাছে প্রমাণ করতে দিন যে এটি এখানে পবিত্র আত্মা। আমাকে আপনাকে দেখাতে দিন যে পবিত্র আত্মা, ঠিক যিনি কথা বলেন, যিনি কাজ করেন, তিনিই তা জানেন৷ এখানে এখন কতজন আছেন, যিনি অসুস্থ হয়ে এখানে এসেছেন ? আপনাদের হাত দেখি। যাদের অসুস্থতা ছিল...সেখানে লোকরা আছে...

159 সেখানে একজন লোক দাঁড়িয়ে আছেন। মহাশয়, আপনি কি বিশ্বাস করেন ? কোন প্রার্থনা কার্ড বিতরণ করা হয়নি, কিন্তু আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে সুস্থ করতে পারেন ? আপনি কি বিশ্বাস করেন যে তিনি আমাকে আপনার কষ্ট বলতে পারেন ? এটা আপনার পাশে রয়েছে। আপনি একটি অপারেশনের জন্য প্রস্তুত। সেটা ঠিক। আপনার নাম মহাশয় কার্টরাইট। সেটা ঠিক। এটা কি ঠিক ? আপনার হাত হিলান। ঠিক আছে। বাড়িতে যান এবং ভাল থাকুন, আপনার এর প্রয়োজন হবে না। আপনি এটা বিশ্বাস করেন ?

160 এই পুরুষটি এই শিশুটিকে কোলে ধরে, আপনি আমাকে ঈশ্বরের দাস বলে বিশ্বাস করেন? আপনি কি এটা পবিত্র আত্মা বলে বিশ্বাস করেন? আমি তোমাকে চিনি না, এটা কি ঠিক? আমার জীবনে আপনাকে কখনো দেখিনি; আমরা অপরিচিত। আপনি কি বিশ্বাস করেন যে পবিত্র আত্মা আমাকে বলতে পারেন যে শিশুটির কী হয়েছে? চর্মরোগ হয়েছে। সেটা ঠিক। এটা কি ঠিক নয়? অবশ্যই। আপনি এখান থেকে। না। আপনার পেটের সমস্যা হয়েছে, আপনি নিজেই কষ্ট পাচ্ছেন। এটা ঠিক, তাই না? আপনি কানসাস শহর থেকে এসেছেন। ঠিক আছে। ফিরে যান, যীশু খ্রীষ্ট আপনাকে সুস্থ করে তোলেন। হালেলুইয়া! আপনি বিশ্বাস করেন। আপনি কি আপনার সমস্ত হৃদয় দিয়ে এটি বিশ্বাস করেন?

161 এখানে প্রভুর স্বর্গদূত, এই ছোট—ছোট মহিলার উপর অবস্থান করছেন, দয়ালু বয়স্ক, ঠিক এখানে বসে আছেন, অন্ত্রবৃদ্ধি রোগে ভুগছেন। আপনি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে সেই অন্ত্রবৃদ্ধি রোগ থেকে সুস্থ করবেন, বোন? আপনি, আপনার টুপিতে ছোট্ট লাল ফুলের সাথে, আপনার হাত উপরে তুলুন। ঠিক আছে। ঘরে ফিরে যান আর ভালো থাকুন। আমেন। ওহ, এটা ঈশ্বর; এটা ঈশ্বরের পুত্র খ্রীষ্ট। তিনি মৃতদের মধ্য থেকে জীবিত হয়েছেন। তিনি এখানে আছেন।

162 এখন, একে অপরের উপর আপনার হাত রাখুন আর প্রার্থনার জন্য় একটি ভালো পরিবেশ তৈরী করুন, আপনারা প্রত্যেকে, যখন আমি কাউকে এখানে আসতে বলি। এখানে আসুন, ভাই। আপনারা যখন একে অপরের উপর হাত রেখেছেন, দেখানোর জন্য যে ঈশ্বর সুস্থ করেন, আমার কাছেও প্রার্থনা করার জন্য ভাই আছেন। (এগিয়ে যান। ঠিক আছে।) প্রভু ঈশ্বরের প্রশংসা হোক।

ইহা কি বিশ্বাস কর ? BEN60-0402

(Believest Thou This ?)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় শনিবার, ২ এপ্রিল, ১৯৬০, তুলসা, ওকলাহোমা, মার্কিন যুক্তরাষ্ট্রের মিউনিসিপ্যাল অডিটোরিয়ামে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2022 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্ত্বাধিকার বিজ্ঞপ্তি

সমস্ত অধিকার সংরক্ষিত। যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org